A. 10 টি B. 15 টি C. 20 টি D. 24 টি

ব্যাখ্যা : TCA চক্র :

- ১ অণু অ্যাসিটাইল Co-A জারণের মাধ্যমে ২ অণু CO₂, ৩ অণু NADH₂, ১ অণু FADH₂ এবং ১ অণু GTP তৈরি হয়।
- মোট ATP 24 টি।

Ans : D.

৭৬. নিচের কোন উদ্ভিদটি Horsetail নামে পরিচিত?

- A. *Selaginella* B. *Equisetum*
C. *Riccia* D. *Marchantia*

ব্যাখ্যা : উদ্ভিদসমূহের বিশেষ নাম :

উদ্ভিদের নাম	বিশেষ নাম
<i>Selaginella</i>	ক্লাবমস/স্পাইক মস
<i>Semibarbula</i>	কাপেট মস
<i>Equisetum</i>	হর্সটেইল
Cycas এর মূল	কোরালয়েড মূল
<i>Pteris</i>	সানফার্ন/টেকিশাক
<i>Pteris</i> , Cycas এর কুণ্ডলিত পাতা	সারসিনেট ভারনেশন
Cycas	পাম ফার্ন/জীবন্ত জীবাশ্ম/বাহারি উদ্ভিদ (<i>C. Cicinales</i> , <i>C. revoluta</i>)

Ans : B.

৭৭. শ্রেণিবিন্যাসের মৌলিক এককের নাম কি?

- A. প্রজাতি B. ট্যাক্সন
C. শ্রেণী D. বর্গ

ব্যাখ্যা : শ্রেণী বিন্যাসের একক সমূহ-

এককের নাম	স্বীকৃত সমাপ্তি
জগৎ (Kingdom)	-
বিভাগ (Division)	phyta
শ্রেণি (Class)	opsida
বর্গ (Order)	ales
গোত্র (Family)	acace
গণ (Genus)	-
প্রজাতি (Species)	-

কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য :

- ট্যাক্সন : শ্রেণীবিন্যাসের যে কোন একক। (বহুবচনে ট্যাক্সা)
অধি : প্রধান এককের উপরে নতুন এককের প্রয়োজন হলে প্রধান এককের পূর্বে যোগ হয়।
উপ : প্রধান এককের নিচে নতুন একক প্রয়োজন হলে যা প্রধান এককের পূর্বে যোগ হবে।
- সর্বোচ্চ একক জগৎ
 - সর্বনিম্ন একক প্রজাতি (মৌলিক একক)

Ans : A.

৭৮. শ্বসন প্রক্রিয়ায় সর্বশেষ ইলেক্ট্রন গ্রহীতা কে?

- A. হাইড্রোজেন B. সাইটোক্রোম
C. অক্সিজেন D. ডিহাইড্রোজিনেজ

ব্যাখ্যা : সবাত শ্বসন :

- ETS এ অক্সিজেনই হলো ইলেক্ট্রনের শেষ গ্রহীতা।
- অক্সিজেন মুক্ত হাইড্রোজেন গ্রহণ করে H₂O উৎপন্ন করে।
- অক্সিজেন বায়ু থেকে গ্রহণ করা হয়। যা পত্ররঞ্জের মাধ্যমে কোষাভ্যন্তরে প্রবেশ করে।

Ans : C.

৭৯. নিচের কোন ফলটি নিষেক ছাড়াই সৃষ্টি হতে পারে?

- A. আম B. জাম C. আঙ্গুর D. কাঁঠাল

ব্যাখ্যা : পারথেনোকার্পি : হরমোন প্রয়োগে বীজহীন ফল উৎপাদন


উদাহরণ : লেবু, কমলালেবু, কলা, পেঁপে, আনারস, আঙ্গুর।

Ans : C.

৮০. এ্যাম্পুলা অব ড্যাটার অগ্ন্যাশয় থেকে বের হয়ে নিচের কোন অঙ্গে প্রবেশ করে?

- A. ডিওডেনাম B. পিস্তথলি C. যকৃত D. পাকস্থলী

ব্যাখ্যা :



Ans : A.

গণিত (ঐচ্ছিক)

৪৯. 1 থেকে 10 পর্যন্ত স্বাভাবিক সংখ্যাগুলোর ঘনের সমষ্টি কত?

- A. 166375 B. 3025 C. 385 D. 55

$$\text{ব্যাখ্যা : } 1^3 + 2^3 + \dots + 10^3 = \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$$

$$= \left\{ \frac{10(10+1)}{2} \right\}^2 = 3025$$

Ans : B.

৫০. দুটি অনুবন্ধী জটিল সংখ্যার গুণফল-

- (i) জটিল সংখ্যা (ii) বাস্তব সংখ্যা
(iii) ধনাত্মক সংখ্যা
কোনটি সঠিক?

- A. i, ii B. i, iii C. ii, iii D. i, ii, iii

Ans : C.

৫১. $A = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$, $B = \begin{bmatrix} 1 \\ 2 \end{bmatrix}$, $X = \begin{bmatrix} y \\ x \end{bmatrix}$, এবং $AX = B$ হলে $(x, y) = ?$

- A. (0, 0) B. (1, 2) C. (2, 1) D. (1, 1)

$$\text{ব্যাখ্যা : } AX = B \Rightarrow \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 1 \\ 2 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} y \\ x \end{bmatrix} = \begin{bmatrix} 1 \\ 2 \end{bmatrix}$$

$$\therefore x = 2, y = 1$$

Ans : C.

৫২. $y^2 = 8x - 8y$ হলে পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাঙ্ক কত?

- A. (0, 2) B. (0, -2) C. (0, 4) D. (0, -4)

$$\text{ব্যাখ্যা : } y^2 = 8x - 8y \Rightarrow y^2 + 8y + 16 = 8x + 16$$

$$\Rightarrow (y + 4)^2 = 8(x + 2)$$

$$\text{উপকেন্দ্র, } x + 2 = 2$$

$$\Rightarrow x = 0$$

$$y + 4 = 0$$

$$\Rightarrow y = -4$$

Ans : D.

৫৩. $2x^3 + 3x^2 + 6x - 65 = 0$ সমীকরণের একটি মূল $\frac{5}{2}$ হলে অপর

মূলগুলো হলো-

- A. $2 \pm 3i$ B. $4 \pm 3i$ C. $3 \pm 2i$ D. $-2 \pm 3i$

ব্যাখ্যা : $2x^3 + 3x^2 + 6x - 65 = 0$
এখানে, $\alpha + \beta + \gamma = -3/2 \Rightarrow 5/2 + \beta + \gamma = -3/2$
 $\Rightarrow \beta + \gamma = -4$
অপশন (D) হতে, $(-2 + 3i) + (-2 - 3i) = -4$
Ans : D.

৫৪. $\int e^x \left(\frac{1 + \sin x}{1 + \cos x} \right) dx$ - এর মান হল-

- A. $e^x \left(\cos \frac{x}{2} \right) + C$ B. $e^x \left(\sin \frac{x}{2} \right) + C$
C. $e^x \left(\tan \frac{x}{2} \right) + C$ D. $e^x \left(\cot \frac{x}{2} \right) + C$

ব্যাখ্যা : $\int e^x \left(\frac{1 + \sin x}{1 + \cos x} \right) dx = \int e^x \left(\frac{1 + 2 \sin \frac{x}{2} \cos \frac{x}{2}}{2 \cos^2 \frac{x}{2}} \right) dx$
 $= \int e^x \left(\frac{1}{2} \sec^2 \frac{x}{2} + \tan \frac{x}{2} \right) dx = e^x \tan \frac{x}{2} + c$

Ans : C.

৫৫. যদি $\tan \theta = \frac{y}{x}$ হয়, তবে $x \cos 2\theta + y \sin 2\theta$ এর মান কত?

- A. y/x B. x C. y D. θ

ব্যাখ্যা : $\tan \theta = \frac{y}{x}$
ধরি, $\theta = 30^\circ$
 $\therefore x = \sqrt{3}, y = 1$
 $\therefore x \cos 2\theta + y \sin 2\theta = \sqrt{3} \cdot \cos 60^\circ + 1 \cdot \sin 60^\circ$
 $= \frac{\sqrt{3}}{2} + \frac{\sqrt{3}}{2} = \sqrt{3} = x$

Ans : B.

৫৬. $4x - 5y + 7 = 0$ এর সমান্তরাল হবে কোনটি?

- A. $5x - 4y + 7 = 0$ B. $4x - 5y + 32 = 0$
C. $4x - 5y - 32 = 0$ D. কোনটিই নয়

ব্যাখ্যা : $4x - 5y + 7 = 0$ রেখার সমান্তরাল রেখা $4x - 5y + k = 0$
Ans : B, C.

৫৭. কোনটি $x^3 = 8$ এর সমাধান নয়?

- A. 2 B. $-1 + i\sqrt{3}$ C. $-1 - i\sqrt{3}$ D. $\sqrt{3}(1+i)$

ব্যাখ্যা : $x^3 = 8$
 $\Rightarrow x = 2, 2\omega, 2\omega^2 = 2, (-1 + \sqrt{3}i), (-1 - \sqrt{3}i)$
Ans : D.

৫৮. $f(x) = 3 \sin^2 x + 4 \cos^2 x; 0 \leq x \leq \frac{\pi}{2}$ $f(x)$ এর সর্বনিম্ন মান কত?

- A. -2 B. 2 C. 3 D. 4

ব্যাখ্যা : $f(x) = 3 \sin^2 x + 4 \cos^2 x$
 $a \cos^2 x + b \sin^2 x$ এর সর্বনিম্ন মান = a [যদি $a < b$]
 $= b$ [যদি $a > b$]

Ans : C.

৫৯. $\cos(150^\circ - \theta) = \frac{1}{2}$ হলে θ - এর মান কত?

- A. 90° B. 75° C. 50° D. 30°

ব্যাখ্যা : $\cos(150^\circ - \theta) = \frac{1}{2} \Rightarrow 150^\circ - \theta = 60^\circ$
 $\therefore \theta = 90^\circ$
Ans : A.

৬০. $f(x) = \frac{x}{x-2}$ এবং $x \neq 2$ হলে $f^{-1}(2)$ এর মান কত?

- A. 0 B. ∞ C. 2 D. 4

ব্যাখ্যা : $\frac{x}{x-2} = 2 \Rightarrow 2x - 4 = x \Rightarrow x = 4$
Ans : D.

৬১. $-8 - 6\sqrt{-1}$ এর বর্গমূল কোনটি?

- A. $1 - 3\sqrt{2}$ B. $(1 - 3\sqrt{2})$
C. $1 - 3\sqrt{-2}$ D. $\pm(1 - 3\sqrt{-1})$

ব্যাখ্যা : $\sqrt{-8 - 6i} = \sqrt{1 - 6i - 9} = \sqrt{1 - 6i + 9i^2} = \pm(1 - 3\sqrt{-1})$
Ans : D.

৬২. $y = (\log_e x)^2$ হলে $\frac{dy}{dx} =$ কত?

- A. $\frac{1}{x^2}$ B. $\frac{2}{x}$ C. $2 \log_e x$ D. $\frac{2 \log_e x}{x}$

ব্যাখ্যা : $y = (\log_e x)^2 \Rightarrow \frac{dy}{dx} = 2 \log_e x \cdot \frac{1}{x}$
Ans : D.

৬৩. $\int_0^1 \frac{xdx}{\sqrt{9-x^2}} =$ কত?

- A. $2 - \sqrt{3}$ B. $3 - 2\sqrt{2}$ C. $\sqrt{3} - 2$ D. $2 - \sqrt{2}$

ব্যাখ্যা : $\int_0^1 \frac{xdx}{\sqrt{9-x^2}}$
ধরি, $9 - x^2 = z \Rightarrow xdx = -\frac{1}{2} dz$
 $x = 0, 1$ হলে, $z = 9, 8$
 $\therefore \int_0^1 \frac{xdx}{\sqrt{9-x^2}} = \int_9^8 \frac{-dz}{2\sqrt{z}} = \left[-\sqrt{z} \right]_9^8 = 3 - 2\sqrt{2}$
Ans : B.

৬৪. $27x^2 + 6x - (p+2) = 0$ সমীকরণটির একটি মূল অপরটির বর্গ হলে, p এর মান কত?

- A. 6, -1 B. 1, -6 C. 1, 6 D. 6, -2

ব্যাখ্যা : $27x^2 + 6x - (p+2) = 0$
একটি মূল অপরটির বর্গের সমান হলে, $a^2c + ac^2 + b^3 - 3abc = 0$
 $\Rightarrow -27^2(p+2) + 27(p+2)^2 + 6^3 + 3 \cdot 27 \cdot 6 \cdot (p+2) = 0$
 $\Rightarrow -27p - 54 + p^2 + 4p + 4 + 8 + 18p + 36 = 0$
 $\Rightarrow p^2 - 5p - 6 = 0$
 $\therefore p = 6, -1$
Ans : A.

৬৫. $\frac{1 + \tan 25^\circ}{1 - \tan 25^\circ}$ এর মান কত?

- A. $\tan 50^\circ$ B. $\tan 70^\circ$ C. $\cot 50^\circ$ D. $\cot 70^\circ$

ব্যাখ্যা : $\frac{1 + \tan 25^\circ}{1 - \tan 25^\circ} = \frac{\tan 45^\circ + \tan 25^\circ}{1 - \tan 45^\circ \tan 25^\circ}$
 $= \tan (45^\circ + 25^\circ) = \tan 70^\circ$

Ans : B.

৬৬. যদি $y^x = x^y$ হয় তাহলে $\frac{dy}{dx}$ এর মান হবে-

- A. $\frac{\ln y + \frac{y}{x}}{\ln x + \frac{x}{y}}$ B. $\frac{\ln y - \frac{x}{y}}{\ln x - \frac{y}{x}}$ C. $\frac{\ln y - \frac{y}{x}}{\ln x - \frac{x}{y}}$ D. $\frac{\ln x - \frac{y}{x}}{\ln y - \frac{x}{y}}$

ব্যাখ্যা : $y^x = x^y \Rightarrow x \ln y = y \ln x$
 $\Rightarrow x \cdot \frac{1}{y} \cdot \frac{dy}{dx} + \ln y \cdot 1 = y \cdot \frac{1}{x} + \ln x \cdot \frac{dy}{dx}$
 $\Rightarrow \frac{dy}{dx} \left(\frac{x}{y} - \ln x \right) = \frac{y}{x} - \ln y \Rightarrow \frac{dy}{dx} = \frac{\ln y - \frac{y}{x}}{\ln x - \frac{x}{y}}$

Ans : C.

৬৭. $x_1 + x_2 \leq 1$; $x_2 \leq 1$; $x_1, x_2 \geq 0$ শর্তাবলী সাপেক্ষে $3x_1 + 7x_2$ এর সর্বোচ্চ মান কত?

- A. 3 B. 7 C. 20 D. 28

ব্যাখ্যা : $x_1 + x_2 \leq 1$, $x_2 \leq 1$ শর্তে শীর্ষবিন্দুগুলো $(1, 0)$, $(0, 1)$
 $3x_1 + 7x_2 = 3 [(1, 0) \text{ বিন্দুর জন্য}] = 7 [(0, 1) \text{ বিন্দুর জন্য}]$

Ans : B.

৬৮. $r \cos (\theta - \alpha) = k$ সমীকরণটির কার্তেসীয় সমীকরণ কোনটি?
 A. $x \cos \theta + y \sin \theta = k$ B. $x \cos \alpha + y \sin \alpha = k$
 C. $x \cos \alpha - y \sin \alpha = k$ D. $x \cos \alpha - y \sin \alpha - k = 0$

ব্যাখ্যা : $r \cos (\theta - \alpha) = k$
 $\Rightarrow r \cos \theta \cos \alpha + r \sin \theta \sin \alpha = k \Rightarrow x \cos \alpha + y \sin \alpha = k$

Ans : B.

৬৯. $\frac{dy}{dx} = \frac{2}{1+x^2}$ হয় তবে y এর মান নয় কোনটি?

- A. $\cos^{-1} \frac{1-x^2}{1+x^2}$ B. $\sin^{-1} \frac{2x}{1+x^2}$
 C. $\frac{-1}{1+x^2} + C$ D. $2 \tan^{-1} x + c$

ব্যাখ্যা : $\frac{dy}{dx} = \frac{2}{1+x^2} \Rightarrow y = \int \frac{2}{1+x^2} dx$
 $= 2 \tan^{-1} x + c = \cos^{-1} \frac{1-x^2}{1+x^2} + c = \sin^{-1} \frac{2x}{1+x^2} + c$

Ans : C.

৭০. $\int x^{-1} dx$ এর মান কত?

- A. $\frac{1}{0}$ B. $-\log x$ C. $\log x$ D. $\log x + c$

ব্যাখ্যা : $\int x^{-1} dx = \log x + c$

Ans : D.

৭১. $[ab]$ এবং $\begin{bmatrix} a \\ b \end{bmatrix}$ ম্যাট্রিক্সদ্বয়ের গুণফল হবে-

- A. $[a^2 b^2]$ B. $[a^2 + b^2]$
 C. $\begin{bmatrix} a^2 \\ b^2 \end{bmatrix}$ D. মান নেই

ব্যাখ্যা : $1 \times (1) \quad (2) \times (1)$
 সম্ভব নয়

Ans : D.

৭২. $x = a$ এক $\sqrt{3}x - y + 1 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণের মান কত?

- A. 30° B. 45°
 C. 60° D. 75°

ব্যাখ্যা : $x = a$ এর ঢাল = ∞
 $\sqrt{3}x - y + 1 = 0$ এর ঢাল = $\sqrt{3}$
 \therefore মধ্যবর্তী সূক্ষ্মকোণ = $\tan^{-1}(\infty) - \tan^{-1}(\sqrt{3})$
 $= 90^\circ - 60^\circ = 30^\circ$

Ans : A.

৭৩. $\vec{A} = 3\hat{i} + \hat{j} - 2\hat{k}$, $\vec{B} = 2\hat{i} - \hat{j} + \hat{k}$ এবং $\vec{C} = 2\hat{i} + 3\hat{j} - 2\hat{k}$ হলে $|2\vec{A} - \vec{B} + \vec{C}|$ এর মান নির্ণয় কর?

- A. 10 B. 11
 C. 12 D. 13

ব্যাখ্যা :
 $|2\vec{A} - \vec{B} + \vec{C}| = |6\hat{i} + 2\hat{j} - 4\hat{k} - 2\hat{i} + \hat{j} - \hat{k} + 2\hat{i} + 3\hat{j} - 2\hat{k}|$
 $= |6\hat{i} + 6\hat{j} - 7\hat{k}| = \sqrt{6^2 + 6^2 + 7^2} = \sqrt{121} = 11$

Ans : B.

৭৪. k এর মান কত হলে $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$ সমীকরণটির মূল দুটি সমান হবে?

- A. 2 অথবা 5 হয় B. 3 অথবা 4 হয়
 C. 5 অথবা -2 হয় D. 2 অথবা 6 হয়

ব্যাখ্যা : $x^2 - 6x - 1 + k(2x + 1) = 0$
 $\Rightarrow x^2 + (2k - 6)x + (k - 1) = 0$
 মূলদ্বয় সমান হলে, $(2k - 6)^2 - 4 \cdot 1 \cdot (k - 1) = 0$
 $\Rightarrow k^2 - 6k + 9 - k + 1 = 0$
 $\Rightarrow k^2 - 7k + 10 = 0 \Rightarrow k = 2, 5$

Ans : A.

৭৫. যদি $A = \begin{bmatrix} \cos 2\theta & -\sin 2\theta \\ \sin 2\theta & \cos 2\theta \end{bmatrix}$ এবং $[A^2] = 1$ হয়, তবে θ এর

- মান কত?
 A. $0^\circ, 30^\circ$ B. $30^\circ, 45^\circ$
 C. $0^\circ, 45^\circ$ D. $45^\circ, 60^\circ$

ব্যাখ্যা : এখানে, $|A| = \cos^2 2\theta + \sin^2 2\theta = 1$
 $\therefore [A^2] = 1$ হবে যদি $\theta = R$

Ans : নাই।

৭৬. ${}^nC_2 = \frac{3}{5} {}^nC_4$ হলে n এর মান কত?

- A. 3 B. 5 C. 7 D. 9

ব্যাখ্যা : ${}^nC_2 = \frac{3}{5} {}^nC_4 \Rightarrow 5.{}^nC_2 = 3.{}^nC_4$

$$\Rightarrow 5 \cdot \frac{1}{2!} = 3 \cdot \frac{(n-2)(n-3)}{4!} \Rightarrow (n-2)(n-3) = 20$$

$$\Rightarrow n^2 - 5n - 14 = 0$$

$$\therefore n = 7$$

Ans : C.

৭৭. 17টি ব্যঞ্জনবর্ণ ও 5টি স্বরবর্ণ থেকে 3টি ব্যঞ্জনবর্ণ ও 2টি স্বরবর্ণ নিয়ে মোট কতগুলি ভিন্ন ভিন্ন শব্দ গঠন করা যায়?

- A. 815000 B. 816000
C. 817000 D. 818000

ব্যাখ্যা : শব্দ সংখ্যা = ${}^{17}C_3 \times {}^5C_2 \times 5!$
 $= \frac{17 \cdot 16 \cdot 15}{3 \cdot 2 \cdot 1} \times \frac{5 \cdot 4}{2 \cdot 1} \times 120 = 816000$

Ans : B.

৭৮. $2x^2 - 5x + 4 = 0$ সমীকরণের মূলদ্বয় হবে-

- A. বাস্তব ও অসমান B. বাস্তব ও সমান
C. জটিল ও অসমান D. জটিল ও সমান

ব্যাখ্যা : $b^2 - 4ac$ কে $ax^2 + bx + c = 0$ সমীকরণের নিশ্চায়ক বা নিরূপক বলে। ইহাকে সংক্ষেপে D দ্বারা প্রকাশ করা হয়।

i) $D > 0$ হলে মূলদ্বয় বাস্তব ও অসমান হবে।

ii) $D = 0$ হলে মূলদ্বয় বাস্তব, সমান, মূলদ হবে।

iii) $D < 0$ হলে মূলদ্বয় জটিল ও অসমান হবে।

iv) D ধনাত্মক পূর্ণবর্গ সংখ্যা হলে মূলদ্বয় মূলদ হইবে। তবে এক্ষেত্রে

শর্ত হলো a, b, c সহগ সমূহকে মূলদ হতে হবে।

$$\text{এখানে, } b^2 - 4ac = 25 - 4 \cdot 2 \cdot 4 = -7 < 0$$

\therefore মূলগুলো জটিল ও অসমান

Ans : C.

৭৯. $\vec{a} = \sqrt{3}\vec{i} + \alpha\vec{j}$, $\vec{b} = \vec{i} + \sqrt{3}\vec{j}$ -এ α এর মান কত হলে \vec{a} ও \vec{b} পরস্পরের সমান্তরাল হবে?

- A. 1 B. $\frac{\sqrt{3}}{2}$ C. $\sqrt{3}$ D. 3

ব্যাখ্যা : টেকনিক : \vec{A} ও \vec{B} পরস্পর সমান্তরাল হলে $\frac{a_1}{b_1} = \frac{a_2}{b_2} = \frac{a_3}{b_3}$

$$\text{এখানে, } a \text{ ও } b \text{ পরস্পর সমান্তরাল হলে, } \frac{\sqrt{3}}{1} = \frac{\alpha}{\sqrt{3}} \Rightarrow \alpha = 3$$

Ans : D.

৮০. $\frac{1 + \cos 2\theta}{\sin 2\theta} = ?$

- A. $\cot \theta$ B. $\tan \theta$ C. $\sec \theta$ D. $\operatorname{cosec} \theta$

ব্যাখ্যা : $\frac{1 + \cos 2\theta}{\sin 2\theta} = \frac{2\cos^2 \theta}{2\sin \theta \cos \theta} = \cot \theta$

Ans : A.

রাজশাহী বিশ্ববিদ্যালয় (F Unit)

শিক্ষাবর্ষ : 2017-2018 [Set-3]

পদার্থ ও রসায়ন (আবশ্যিক)

১. নিচের কোনটির উপর ভিত্তি করে ট্রান্সফর্মার তৈরি করা হয়?
A. বিদ্যুৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া B. বিদ্যুৎ প্রবাহের তাপীয় ক্রিয়া
C. বিদ্যুৎ চুম্বকের আবেশ D. ওহমের সূত্র

ব্যাখ্যা : ট্রান্সফর্মার তৈরীর মূলনীতি: তড়িৎ চুম্বকীয় আবেশ।

Ans : C.

২. পেট্রোলিয়ামকে $40^\circ - 100^\circ$ তাপমাত্রায় আংশিক পাতন করলে কি পাওয়া যাবে?

- A. বেনজোফেনন B. ন্যাপথালিন
C. গ্যাসোলিন D. থায়োফিন

ব্যাখ্যা : পেট্রোলিয়াম তেলের আংশিক পাতন-

পাতিত অংশ	পাতন তাপমাত্রা	কার্বন-শিকলের দৈর্ঘ্য
এলপি গ্যাস বা রিফাইনারি গ্যাস	30° C	$C_1 - C_4$
লাইট পেট্রোলিয়াম	$30^\circ - 60^\circ \text{ C}$	$C_5 - C_6$
লাইট ন্যাফথা	$60^\circ - 110^\circ \text{ C}$	$C_6 - C_7$
গ্যাসোলিন বা পেট্রোল	$35^\circ - 175^\circ \text{ C}$	$C_5 - C_{12}$
কেরোসিন	$175^\circ - 275^\circ \text{ C}$	$C_{12} - C_{15}$
ডিজেল	$240^\circ - 400^\circ \text{ C}$	$C_{13} - C_{18}$
লুব্রিকেটিং অয়েল	$270^\circ - 400^\circ \text{ C}$	$C_{15} - C_{18}$
প্যারাফিন ওয়াক্স	400° C এর উর্ধ্বে	$C_{18} - C_{30}$
বিটুমিন	অনুদায়ী অবশেষ	C_{30} এর বেশি

Ans : B.

৩. প্রোপাইল ইথানয়েট এর সংকেত কোনটি?

- A. $\text{CH}_3\text{COOC}_3\text{H}_7$ B. $\text{C}_3\text{H}_9\text{COOH}_3$
C. $\text{C}_2\text{H}_5\text{COOC}_3\text{H}_7$ D. $\text{CH}_3\text{COOC}_2\text{H}_5$

Ans : A.

৪. মৌলিক গেট নয় কোনটি?

- A. OR গেট B. AND গেট
C. NOT গেট D. NAND গেট

ব্যাখ্যা : মৌলিক গেট: AND, OR, NOT

Ans : D.

৫. কোনটির সান্দ্রতা সবচেয়ে বেশি?

- A. পানি B. কেরোসিন
C. বাতাস D. গ্লিসারিন

ব্যাখ্যা : সান্দ্রতার ক্রম : আলকাতরা > তেল > দুধ, মধু > পানি
আলকাতরা > মধু > পানি

Option analysis : বাতাস < পানি < কেরোসিন < গ্লিসারিন
এখানে গ্লিসারিনের সান্দ্রতা সবচেয়ে বেশি

Ans : D.

৬. $1 \text{ MeV} =$ কত জুল?

- A. $2.6 \times 10^{-32} \text{ J}$ B. $2.6 \times 10^{-31} \text{ J}$
C. $2.6 \times 10^{13} \text{ J}$ D. $1.6 \times 10^{-13} \text{ J}$

ব্যাখ্যা : $1 \text{ eV} = 1.6 \times 10^{-19} \text{ J} \Rightarrow 1 \text{ MeV} = 1.6 \times 10^{-13} \text{ J}$

Ans : D.

৭. অবস্থানে জারক ও বিজারক হতে পারে না কোনটি?

- A. O₃ B. O₂ C. SO₂ D. H₂O₂

ব্যাখ্যা : অক্সিজেন সর্বাপেক্ষা তীব্র জারক তাই এটি কখনই বিজারক হিসেবে কাজ করতে পারে না।

Ans : B.

৮. ANs তৈরিতে কোনটি থাকে না?

- A. NO B. NO₂ C. N₂ D. O₃

Ans : D.

৯. আলো যখন বায়ু থেকে কাঁচে প্রবেশ করে তখন আলোর তরঙ্গের কি পরিবর্তন হয়?

- A. রং ও বেগ B. কম্পাঙ্ক ও তরঙ্গদৈর্ঘ্য
C. তরঙ্গদৈর্ঘ্য ও রং D. বেগ ও তরঙ্গদৈর্ঘ্য

Ans : D.

১০. ইলেক্ট্রোপ্রেটিং এর জন্য নিচের কোন মৌলটি ব্যবহৃত হয়?

- A. Cr B. K C. Na D. Mg

ব্যাখ্যা : ইলেক্ট্রোপ্রেটিং এর সময় অপেক্ষাকৃত কম সক্রিয় ধাতুর প্রলেপ দেওয়া হয় যাতে বাতাসের অক্সিজেন এর সাথে বিক্রিয়ার হার অনেক কম হয়।

ব্যবহৃত ধাতু : i) জিংক ii) নিকেল iii) কপার
iv) টিন v) লেড vi) ক্রোমিয়াম ইত্যাদি।

Ans : A.

১১. নক্ষত্রের মধ্যবর্তী স্থানে পদার্থ কোন অবস্থায় থাকে?

- A. গ্যাসীয় B. প্লাজমা C. তরল D. কঠিন

ব্যাখ্যা : নক্ষত্র এর মধ্যবর্তী স্থানে তাপমাত্রা 10⁵°C এর বেশি হয় এবং পদার্থ সমূহ প্লাজমা অবস্থায় থাকে।

Ans : B.

১২. C₅H₈ সংকেতে কতগুলি অ্যালকাইন সম্ভব?

- A. 5 B. 4 C. 3 D. 2

ব্যাখ্যা : C₅H₈ এর সম্ভাব্য অ্যালকাইন :

> HC≡C-CH₂-CH₂-CH₃
পেন্টাইন- 1

> CH₃-C≡C-CH₂-CH₃
পেন্টাইন- 2

> CH₃-CH(CH₃)-C≡CH
3- মিথাইল- 1- বিউটাইন

Ans : C.

১৩. পর্যায়সারণীর কোন গ্রুপের মৌলসমূহের ইলেক্ট্রন আসক্তি সর্বাপেক্ষা বেশী?

- A. ক্ষারধাতু B. ক্ষারক C. হ্যালোজেন D. নিষ্ক্রিয় মৌল

ব্যাখ্যা : পর্যায় ভিত্তিক ধর্মের তুলনা-

একই পর্যায়ের বাম হতে ডানে বাড়ে	একই পর্যায়ে বাম হতে ডানে কমে
আয়নীকরণ শক্তি	পরমাণুর আকার
ইলেক্ট্রন আসক্তি	ধাতব বৈশিষ্ট্য
তড়িৎ ঋণাত্মকতা	তড়িৎ ধনাত্মকতা
অধাতব বৈশিষ্ট্য	দ্রাব্যতা

পর্যায় সারণীর উপর হতে নিচে গেলে বাড়ে	পর্যায় সারণীর উপর হতে নিচে গেলে কমে
পারমাণবিক আকার	আয়নীকরণ শক্তি
ধাতব বৈশিষ্ট্য	ইলেক্ট্রন আসক্তি
অর্ধকরণ প্রবণতা	তড়িৎ ঋণাত্মকতা
দ্রাব্যতা	

Ans : C.

১৪. প্রস্তুতকৃত পাল্পকে ব্লিচিং করতে নিচের কোনটি ব্যবহার করা হয়?

- A. CO₂ B. Cu₂O C. H₂O₂ D. SiO₂

ব্যাখ্যা : পাল্প এবং পেপার তৈরিতে বিভিন্ন রাসায়নিক পদার্থ-

- ক্লিকিং লিকার : SO₂, NaOH, Na₂CO₃, Ca(OH)₂, Na₂SO₄, Na₂S, Ca(IO₃)₂, MgIO₃
- লোডিং এবং ফিলিং এজেন্ট : ক্রে, জিংক অক্সাইড, টাইটেনিয়াম যৌগ
- বিরঞ্জক পদার্থ : ফ্লোরিম, ক্যালসিয়াম হাইপোক্লোরাইড, ব্লিচিং পাওয়ার, H₂O₂, SO₂।

Ans : C.

১৫. অ্যালুমিনিয়াম অক্সাইড ও ক্রায়োলাইটের গলিত মিশ্রণে 1.0 × 10⁵

A বিদ্যুৎ 8.0 ঘন্টা যাবৎ চালনা করলে কত kg অ্যালুমিনিয়াম উৎপাদিত হবে?

- A. 268.6 kg B. 276.5 kg C. 262.8 kg D. 278.6 kg

ব্যাখ্যা : 2Al³⁺ + 6e⁻ → 2Al

6 × 96500 কুলম্ব চার্জ প্রয়োগে সঞ্চিত হয় 2 × 27g Al

∴ 1 × 10⁵ × 8 × 60 × 60c কুলম্ব চার্জ প্রয়োগে সঞ্চিত হয়

$$\frac{2 \times 27 \times 10^5 \times 8 \times 60 \times 60}{6 \times 96500} = 2.68601 \text{ g Al}$$

Ans : A.

১৬. একটি ট্রেন 1ms⁻¹ আদি বেগ ও 2ms⁻² সমত্বরণে চলে, ট্রেনটি যখন 35m পথ অতিক্রম করবে তখন তার বেগ কত হবে?

- A. 2 ms⁻² B. 6 ms⁻² C. 12 ms⁻² D. 36 ms⁻²

ব্যাখ্যা : V² = V₀² + 2as ⇒ V = √(1² + 2 × 2 × 35)

$$= 11.87 \text{ ms}^{-1} \approx 12 \text{ ms}^{-1}$$

Ans : C.

১৭. একটি 25 cm দীর্ঘ কাঁচনের বামদিকের মুখে HCl গ্যাস এবং ডানদিকের মুখে NH₃ গ্যাস একই সময়ে প্রবেশ করলে বামদিক থেকে কত দূরত্বে NH₄Cl এর সাদা ধোঁয়া সৃষ্টি হবে?

- A. 10.14 cm B. 10.10 cm C. 11.14 cm D. 11.10 cm

ব্যাখ্যা : গ্রাহামের গ্যাস ব্যাপন সূত্র অনুযায়ী-

$$\frac{r_{\text{NH}_3}}{r_{\text{HCl}}} = \sqrt{\frac{M_{\text{HCl}}}{M_{\text{NH}_3}}} \Rightarrow \frac{25-x}{x} = \sqrt{\frac{36.5}{17}}$$

$$\Rightarrow x = \frac{25}{\sqrt{\frac{36.5}{17}} + 1} = 10.14 \text{ cm}$$

Ans : A.

১৮. একটি তামার তারের রোধ 10 গুণ বাড়াতে হলে তাকে টেনে কতগুণ লম্বা করতে হবে?

- A. 5 B. 3.6 C. 10 D. 100

ব্যাখ্যা : R = n²L

$$\therefore n \propto \sqrt{R} \Rightarrow n = \sqrt{10} = 3.16 \text{ গুণ}$$

Ans : B.

১৯. যদি স্পর্শ কোণ 90° এর কম হয় তবে তরলের পৃষ্ঠ কেমন হবে?

- A. উত্তল B. সমতল C. অবতল D. সমতলোত্তল

ব্যাখ্যা : • স্পর্শ কোণ < 90° হলে, তরলের পৃষ্ঠ অবতল।

তরলে ঘনত্ব < কঠিনের ঘনত্ব।

• স্পর্শ কোণ > 90° হলে, তরলের পৃষ্ঠ উত্তল।

তরলের ঘনত্ব > কঠিনের ঘনত্ব।

Ans : C.

২০. কম্পাঙ্ক (f) ও পর্যায়কাল (T) এর সম্পর্ক কোনটি?

- A. $f = \frac{1}{T}$ B. $f = T$ C. $T = 2f$ D. $f = 2T$

Ans : A.

২১. জীবানুনাশক হিসেবে কোন যৌগটি সবচেয়ে বেশি কার্যকর?

- A. ফেনল B. ট্রাইক্লোরোফেনল C. ক্লোরোফেনল D. ডাইক্লোরোফেনল

Ans : B.

২২. নিচের কোন ঘটনাটি অনন্য ভাবে প্রমাণ করে যে আলো তরঙ্গ একটি আড় তরঙ্গ?

- A. সমাবর্তন B. তাপবর্তন C. প্রতিসরণ D. ব্যতিচার

ব্যাখ্যা : অনুপ্রস্থ তরঙ্গ বা আড় তরঙ্গ : সমাবর্তন ঘটে।

উদাহরণ : পানি তরঙ্গ, আলোক তরঙ্গ, তাপ তরঙ্গ, বেতার তরঙ্গ।

দীঘল বা অনুদৈর্ঘ্য বা লাম্বিক তরঙ্গ : সমাবর্তন ঘটে না।

উদাহরণ : শব্দ তরঙ্গ।

Ans : A.

২৩. নিচের কোন নির্দেশক পদার্থটি ক্ষারীয় মাধ্যমে হলুদ বর্ণের হয়?

- A. ক্রিসল রেড B. ফেনল রেড
C. লিটমাস D. মিথাইল রেড

ব্যাখ্যা : • তীব্র এসিড + তীব্র ক্ষার = যে কোনো নির্দেশক

• মৃদু এসিড + মৃদু ক্ষার = কোন নির্দেশক ভালো নয়।

নির্দেশক	ব্যবহার	pH সীমা	অম্লীয় মাধ্যমে বর্ণ	ক্ষারীয় মাধ্যমে বর্ণ
মিথাইল অরেঞ্জ	তীব্র এসিড + মৃদু ক্ষার	3.1-4.0	গোলাপী লাল	হলুদ
মিথাইল রেড	টাইট্রেশন	4.2-6.3	লাল	হলুদ
ফেনলফ-থ্যালিন	মৃদু এসিড + তীব্র ক্ষার	8.3-10	বর্ণহীন	গোলাপী
থাইমল-থ্যালিন	টাইট্রেশন	8.3-10.5	বর্ণহীন	নীল

Ans : D.

২৪. জিংক (Zn) এর জারণ বিভব কত?

- A. -0.76 V B. +0.76 V C. -0.88 V D. -0.80 V

ব্যাখ্যা : স্বতন্ত্র বিক্রিয়ার শর্ত :

অ্যানোডের জারণ বিভব > ক্যাথোডের জারণ বিভব।

ক্যাথোডের বিজারণ বিভব > অ্যানোডের বিজারণ বিভব।

ভড়িং ঘার	বিক্রিয়া	বিজারণ বিভব (v)
Li ⁺ /Li	Li ⁺ (aq) + e → Li(s)	-3.04
K ⁺ /K	K ⁺ (aq) + e → K(s)	-2.94
Ca ²⁺ /Ca	Ca ²⁺ (aq) + 2e → Ca(s)	-2.87
Na ⁺ /Na	Na ⁺ (aq) + e → Na(s)	-2.71
Mg ²⁺ /Mg	Mg ²⁺ (aq) + 2e → Mg(s)	-2.36
Al ³⁺ /Al	Al ³⁺ (aq) + 3e → Al(s)	-1.66
Zn ²⁺ /Zn	Zn ²⁺ (aq) + 2e → Zn(s)	-0.76
Fe ²⁺ /Fe	Fe ²⁺ (aq) + 2e → Fe(s)	-0.44
Cd ²⁺ /Cd	Cd ²⁺ (aq) + 2e → Cd(s)	-0.40
Co ²⁺ /Co	Co ²⁺ (aq) + 2e → Co(s)	-0.28
Ni ²⁺ /Ni	Ni ²⁺ (aq) + 2e → Ni(s)	-0.25
Sn ²⁺ /Sn	Sn ²⁺ (aq) + 2e → Sn(s)	-0.14
Pb ²⁺ /Pb	Pb ²⁺ (aq) + 2e → Pb(s)	-0.13

Cu ²⁺ /Cu	Cu ²⁺ (aq) + 2e → Cu(s)	+ 0.34
Hg ²⁺ /Hg	Hg ²⁺ (aq) + 2e → Hg(s)	+ 0.79
Ag ⁺ /Ag	Ag ⁺ (aq) + e → Ag(s)	+ 0.80
Cl ⁻ /Cl ₂ (g)	Cl ₂ (g) + 2e → 2Cl ⁻	+ 1.36
Au ³⁺ /Au	Au ³⁺ (aq) + 3e → Au(s)	+ 1.36

Ans : B.

২৫. একটি মৌলিক পদার্থ বেশী স্থায়ী হয় যদি উহার পরমাণুর-

- A. প্রোটন ও নিউট্রনের সংখ্যা সমান
B. ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান
C. নিউট্রন সংখ্যা প্রোটন অপেক্ষা বেশি
D. ইলেকট্রন সংখ্যা প্রোটন অপেক্ষা কম

ব্যাখ্যা : মৌলিক পদার্থ বেশী স্থায়ী হয় যখন প্রোটন ও ইলেকট্রন সংখ্যা সমান থাকে। অন্যথায় ধনাত্মক বা ঋণাত্মক চার্জিত অবস্থায় পরিণত হয়।

Ans : B.

২৬. তিনটি কার্বন পরমাণুযুক্ত অ্যালকেনে হাইড্রোজেন পরমাণুর সংখ্যা কত?

- A. ৪টি B. ৬টি C. ৪টি D. ১২টি

ব্যাখ্যা : • অ্যালকেন এর সাধারণ সংকেত (C_nH_{2n+2})

অর্থাৎ তিন কার্বন বিশিষ্ট অ্যালকেনের সংকেত C₃H₈

• অ্যালকিন এর সাধারণ সংকেত (C_nH_{2n})

• অ্যালকাইন এর সাধারণ সংকেত (C_nH_{2n-2})

Ans : A.

২৭. SI এককে R এর মান কোনটি?

- A. 8.304 JK⁻¹mol⁻¹ B. 8.314 JK⁻¹mol⁻¹
C. 8.403 JK⁻¹mol⁻¹ D. 8.413 JK⁻¹mol⁻¹

ব্যাখ্যা : বিভিন্ন এককে R এর মান :

(ক) লিটার বায়ুমণ্ডল চাপ এককে, R = 0.082 Latmk⁻¹mol⁻¹

(খ) এস.আই এককে, R = 8.314 JK⁻¹mol⁻¹

(গ) সি.জি. এস এককে, R = 8.32 JK⁻¹mol⁻¹

(ঘ) ক্যালরি এককে, R = 1.987 Calk⁻¹mol⁻¹

Ans : B.

২৮. m এবং 4m ভরের দুটি গতিশীল বস্তুর গতিশক্তি একই হলে তাদের রৈখিক ভর-বেগের অনুপাত কত?

- A. 1:4 B. 1:2 C. 4:1 D. 2:1

ব্যাখ্যা : $E_k = \frac{p^2}{2m}$

$$\therefore \frac{P_1^2}{P_2^2} = \frac{m_1}{m_2} \Rightarrow \frac{P_1}{P_2} = \sqrt{\frac{m}{4m}} = \frac{1}{2}$$

Ans : B.

২৯. কোনো পরিবাহীর মধ্য দিয়ে যদি প্রতি সেকেন্ডে 1 কুলম্ব চার্জ প্রবাহিত হয় তবে তাকে কি বলে?

- A. ভোল্ট B. ওহম C. অ্যাম্পিয়ার D. ওয়াট

ব্যাখ্যা : $I = \frac{Q}{t}$; কোন পরিবাহীর মধ্যদিয়ে প্রতি সেকেন্ডে 1 কুলম্ব চার্জ প্রবাহিত হলে তাকে (1A) অ্যাম্পিয়ার বলে।

$$1 A = \frac{IC}{IS}$$

Ans : C.

৩০. মহাবিশ্বে ইথারের কোনো অস্তিত্ব নেই তা কত সালে প্রমাণিত হয়?

- A. 1977 B. 1887 C. 1992 D. 2013

ব্যাখ্যা : ১৮৮৭ সালে মাইকেলসন ও মর্লির পরীক্ষার মাধ্যমে প্রমাণিত হয় যে প্রকৃতিতে ইথার বলতে কিছু নেই।

Ans : B.

৩১. কোন যৌগে P এর জারণ মান ঋণাত্মক হয়?
A. P₂O₄ B. P₂O₅ C. H₃PO₂ D. Ca₃P₂

ব্যাখ্যা : Ca₃P₂ এ P এর জারণ মান + 6 - 2x = 0 ⇒ x = 3
Ans : D.

৩২. ফোটনের ভরবেগ কোনটি?

A. $P = \frac{hc}{\lambda}$ B. $P = \frac{h}{\lambda}$ C. $P = \frac{\lambda}{h}$ D. $P = \frac{\lambda}{hc}$

ব্যাখ্যা : $P = mc = \frac{hv}{c} = \frac{h}{\lambda}$ = ফোটনের ভরবেগ।

Ans : B.

৩৩. Poise কিসের একক?

A. পীড়ন B. সান্দ্রতা C. ইয়ং এর গুণাঙ্ক D. আয়তন গুণাঙ্ক

ব্যাখ্যা :

রাশি	একক
পীড়ন	Nm ⁻²
সান্দ্রতা	Nsm ⁻² বা, Poise [10 Poise = 1 Nsm ⁻²]
ইয়ং এর গুণাঙ্ক	Nm ⁻²
আয়তন গুণাঙ্ক	Nm ⁻²

Ans : B.

৩৪. নিষ্ক্রিয় ইলেক্ট্রোডে H₂SO₄ এর জলীয় দ্রবণকে তড়িৎ বিশ্লেষণ করলে অ্যানোডে কোনটি উৎপন্ন হয়?

A. S B. SO₄ C. O₂ D. Mg

ব্যাখ্যা : নিষ্ক্রিয় ইলেক্ট্রোড এর বিক্রিয়া :

অ্যানোড : $4OH^- - 4e^- \rightarrow 2H_2O + O_2(g)$

ক্যাথোড : $2H^+ + 2e^- \rightarrow H_2(g)$

Ans : C.

৩৫. তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু নির্ভর করে কোনটির উপর?

A. মৌলের প্রকৃতি B. মৌলের পরিমাণ
C. তাপমাত্রা D. চাপ

ব্যাখ্যা : তেজস্ক্রিয়তা স্বতঃস্ফূর্ত ঘটনা। আর অর্ধায়ুর মান তেজস্ক্রিয় পদার্থের একটি নিজস্ব বৈশিষ্ট্য। পদার্থটির ভৌত বা রাসায়নিক পরিবর্তন হলেও অর্ধায়ুর মান অপরিবর্তিত থাকে।

বলা যায় যে, মৌলের পরিমাণ, তাপমাত্রা, চাপ ইত্যাদির উপর তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু নির্ভর করে না।

Ans : A.

৩৬. নিচের কোন যৌগটি অ্যালিফেটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে?

A. বেনজিন B. ক্লোরোবেনজিন
C. থায়োফিন D. টলুইন

ব্যাখ্যা : টলুইন এর বলয় এবং পার্শ্বশিকল উভয় অংশে বিক্রিয়া দেখা যায় তাই এটি অ্যালিফেটিক ও অ্যারোমেটিক উভয় ধর্ম প্রদর্শন করে।

Ans : D.

৩৭. বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত গ্যাসের মোট পরিমাণ কত?

A. 35% B. 55%
C. 45% D. 65%

ব্যাখ্যা : প্রাকৃতিক গ্যাসের ব্যবহার-

• বিদ্যুৎ উৎপাদন = 55% [সরকারি (39%), বেসরকারি (16%)]

• শিল্পক্ষেত্রে, চা বাগান = (17 + 1)% = 18%

• গাড়ির জ্বালানি = 5%

• বাসা বাড়ির জ্বালানি = 12%

• ইউরিয়া সার উৎপাদনে = 10%

Ans : B.

৩৮. জৈব যৌগ সনাক্তকরণের রাসায়নিক পদ্ধতি কোনটি?

A. লেসাইন পদ্ধতি B. জারণ পদ্ধতি
C. ডুমাস পদ্ধতি D. জেলডাল পদ্ধতি

ব্যাখ্যা : □ লেসাইন টেস্ট :

• নাইট্রোজেন শনাক্তকরণ : $Na + C + N \rightarrow NaCN$

$Fe(CN)_2 + NaCN \rightarrow Na_4[Fe(CN)_6]$

সোডিয়াম ফেরোসায়ানাইড

পারসিয়ান ব্লু

• সালফার শনাক্তকরণ : $2Na + S \rightarrow Na_2S$

$Na_2S + Na_2[(CN)_5NO] \rightarrow Na_4[Fe(CN)_5NO_5]$

সোডিয়াম

থাইরোনাইট্রোপিউরোসাইড

বেগুনি বর্ণ

• হ্যালোজেন টেস্ট : $Na + X \rightarrow NaX$

$AgNO_3 + NaX \rightarrow AgX + NaNO_3$

[সাদা (Cl), হলুদাভ (Br), হলুদ অধঃক্ষেপ (I)]

Ans : A.

৩৯. 12C চার্জকে একস্থান থেকে অন্যস্থানে আনতে কত কাজ করা হবে যদি বিভব পার্থক্য 500 ভোল্ট হয়?

A. 6×10^{10} erg B. 6×10^8 erg
C. 6×10^5 erg D. 6×10^6 erg

ব্যাখ্যা : $1 \text{ erg} = 10^{-7} \text{ J} \Rightarrow 1 \text{ J} = 10^7 \text{ erg} = 10^7 \text{ gcm}^2 \text{ s}^{-2}$

∴ $W = Vq = 500 \times 12 = 6 \times 10^3 \text{ J} = 6 \times 10^{10} \text{ erg}$

Ans : A.

৪০. দুটি তারের দৈর্ঘ্য, ব্যাস ও আপেক্ষিক রোধের অনুপাত 1:2, যদি সরু তারের রোধ 10Ω হয় তবে অপরটির রোধ কত?

A. 10Ω B. 5Ω C. 20Ω D. 30Ω

ব্যাখ্যা : $R = \rho \frac{L}{A} = \rho \frac{L}{\pi r^2} = \rho \frac{L}{\pi \left(\frac{d}{2}\right)^2}$

∴ $\frac{R_1}{R_2} = \frac{(1/2)^2}{(2/2)^2} \Rightarrow \frac{R_1}{10} = 4 \times \frac{1}{4} \Rightarrow R_1 = 10\Omega$

Ans : A.

৪১. সৌরশক্তির উৎস কোনটি?

A. ফিউশন বিক্রিয়া B. ফিশন বিক্রিয়া
C. চেইন বিক্রিয়া D. রাসায়নিক বিক্রিয়া

ব্যাখ্যা : সূর্যের মধ্যে ফিউশন বিক্রিয়া হচ্ছে যার ফলে প্রচুর পরিমাণ শক্তি উৎপন্ন হয় এবং কেন্দ্র থেকে বাইরের দিকে বেরিয়ে আসে। ফিউশন বিক্রিয়ার ফলে নির্গত এই শক্তিই সৌরশক্তির উৎস।

Ans : A.

৪২. একটি বস্তুকে v বেগে এবং θ কোণে নিক্ষেপ করা হলে সর্বোচ্চ উচ্চতা কত হবে?

A. $\frac{v^2 \sin^2 \theta}{2g}$ B. $\frac{v^2 \sin \theta}{g}$ C. $\frac{v^2 \sin \theta}{2g}$ D. $\frac{2v}{g}$

ব্যাখ্যা : একটি বস্তুকে v বেগে θ কোণে নিক্ষেপ করা হলে, সর্বোচ্চ

উচ্চতা $H = \frac{v^2 \sin^2 \theta}{2g}$

Ans : A.

৪৩. লিথিয়াম-আয়ন ল্যাপটপ ব্যাটারির কোষ বিভব কত?

- A. 3.70 V B. 2.60 V
C. 1.23 V D. 1.36 V

ব্যাখ্যা : বিভিন্ন ধরকার কোষের EMF :

কোষ	E.M.F (V)
ডেনিয়েলকোষ	1.1 V
লেকল্যাপ কোষ	1.5 V
লেড এসিড কোষ	চার্জিত 2.03, অচার্জিত 1.17 V
নিকেল অক্সাইড কোষ	1.35 V
শুষ্ক কোষ	1.5 V
লিথিয়াম আয়ন কোষ	3.6 V

Ans : A.

৪৪. প্রতি সেকেন্ডে 746 জুল কাজ করার ক্ষমতাকে কি বলে?

- A. গতিশক্তি B. অশ্বক্ষমতা
C. কিলো-ওয়াট ঘন্টা D. নিউটন মিটার

ব্যাখ্যা : 1 অশ্ব ক্ষমতা = 746 Js⁻¹ = 746 Watt


প্রতি সেকেন্ডে 746 জুল কাজ করার ক্ষমতাকে এক অশ্ব ক্ষমতা বলে।

Ans : B.

৪৫. কোন এসিডে বেনজিন রিং বিদ্যমান?

- A. ল্যাকটিক এসিড B. সাকসিনিক এসিড
C. টারটারিক এসিড D. থ্যালিক এসিড

ব্যাখ্যা : □ এসিড এর গঠন :



- থ্যালিক এসিড :
- সাকসিনিক এসিড : COOH-CH₂-CH₂-COOH
- ল্যাকটিক এসিড : CH₃-CH(OH)-COOH

- টারটারিক এসিড :

Ans : D.

৪৬. ধারকের ক্ষেত্রে কোনটি সঠিক?

- A. $W = \frac{1Q}{2C}$ B. $W = \frac{1}{2}Cl^2$
C. $W = \frac{1}{2}VC^2$ D. $W = \frac{1}{2}CV^2$

ব্যাখ্যা : ধারকের স্থিতিশক্তি, $U = W = \frac{Q^2}{2C} = \frac{1}{2}QV = \frac{1}{2}CV^2$

Ans : D.

৪৭. ইথানয়িক এসিড ও NaOH এর টাইট্রেশনে উপযুক্ত নির্দেশক কোনটি?

- A. মিথাইল রেড B. ফেনলফথ্যালিন
C. ন্যাপথ্যালিন D. থায়োফিন

ব্যাখ্যা : বিস্তারিত : উপরের (২৩) নং প্রশ্নের ব্যাখ্যা দেখ।

Ans : B.

৪৮. H₂ ফুয়েল সেলে অ্যানোড ও ক্যাথোডরূপে নিচের কোনটি ব্যবহৃত হয়?

- A. সিলভার B. গ্রাফাইট
C. প্রাটিনাম D. কপার

ব্যাখ্যা : কোষ বিষয়ক তথ্য-

কোষ	অ্যানোড	ক্যাথোড	তড়িৎ বিশ্লেষণ	E.M.F.
ভোল্টার কোষ	দস্তার (Zn) পাত	তামার পাত (Cu)	লঘু H ₂ SO ₄	1.1 V
শুষ্ক কোষ	দস্তার পাত	কার্বন দণ্ড	NH ₄ Cl এর পেট	1.5 V
লেকল্যাপ কোষ	দস্তার পাত	কার্বন দণ্ড	NH ₄ Cl দ্রবণ	1.40 V
ড্যানিয়াল কোষ	দস্তার পাত	তামার পাত	H ₂ SO ₄ দ্রবণ	1.08 V
সীসা এসিড সঞ্চয়ী কোষ	লেড পাত	PbO ₂ এর পাত	H ₂ SO ₄ দ্রবণ	2.03 V (চার্জিত) 1.17 V (অচার্জিত)
নিকেল অক্সাইড সঞ্চয়ী কোষ	আয়রণ পাত (Fe)	নিকেল	KOH দ্রবণ	1.35 V

অন্যান্য কোষ এর পর

হাইড্রোজেন ফুয়েলসেল:

- ক্যাথোড : গ্রাফাইট এর উপর Ni, NiO আন্তরণ।
- অ্যানোড : গ্রাফাইট এর উপর Ni এর আন্তরণ।

Ans : B.

জীববিজ্ঞান (ঐচ্ছিক)

৪৯. স্ববাত শ্বসন প্রক্রিয়ায় ইলেকট্রন প্রবাহের ফলে নিচের কোনটি উৎপন্ন হয়?

- A. ম্যালিক এসিড B. সাইট্রিক এসিড
C. H₂O D. CO₂

ব্যাখ্যা : স্ববাত শ্বসন :

- ETS এ অক্সিজেনই হলো ইলেকট্রনের শেষ গ্রহীতা।
- অক্সিজেন মুক্ত হাইড্রোজেন গ্রহণ করে H₂O উৎপন্ন করে।
- অক্সিজেন বায়ু থেকে গ্রহণ করা হয়। যা পত্ররঞ্জের মাধ্যমে কোষাভ্যন্তরে প্রবেশ করে।

Ans : C.

৫০. দেহে স্বাভাবিক অবস্থায় ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে কোনটি?

- A. কমপ্লিমেন্ট সিস্টেম B. ভ্যাক্সিন
C. ইন্টারফেরন D. নিউট্রোফিল

ব্যাখ্যা : প্রতিরক্ষা প্রোটিন : ২ ধরনের

(i) রক্তের কমপ্লিমেন্ট সিস্টেম :

- ২০ ধরনের প্রাজমা প্রোটিন।
- ধারাবাহিক বিক্রিয়ার মাধ্যমে জীবাণুর বৃদ্ধিকে প্রতিরোধ করে।

(ii) ইন্টারফেরন :

- ভাইরাসের বংশবৃদ্ধি রোধ করে।
- ভাইরাস দ্বারা আক্রান্ত হলে উৎপন্ন হয়।

Ans : C.

৫১. দেহের পানি সমতা রক্ষাকারী হরমোন কোনটি?

- A. FSH B. ADH C. TSH D. LH

ব্যাখ্যা : বিস্তারিত : RU- Unit- F2 (2017-18) এর (53) নং দেখ।

Ans : B.

৫২. অ্যালভিওলাইটুলো যে ব্যবধায়ক পর্দার মাধ্যমে পৃথক থাকে তার নাম কি?

- A. ডায়ফ্রাম B. এপিথেলিয়াম
C. ট্র্যাবিকুলি D. পুরা

ব্যাখ্যা : > অ্যালভিওলাইট্র্যাবিকুলি নামক ব্যবধায়ক পর্দার মাধ্যমে পৃথক থাকে।
> অ্যালভিওলাই ও ব্রঙ্কিওলের ফাঁকে ফাঁকে রক্তনালি অবস্থিত।

Ans : C.

৫৩. প্রকৃত সংবহন কলাবিশিষ্ট প্রাচীনতম রেনুধর উদ্ভিদ কোনটি?

- A. এমব্রায়োফাইটা B. টেরিডোফাইটা
C. নগ্নবীজী উদ্ভিদ D. একবীজপত্রী উদ্ভিদ

ব্যাখ্যা : টেরিডোফাইটা :

- > প্রকৃত সংবহন কলাবিশিষ্ট প্রাচীনতম রেনুধর উদ্ভিদ
- > প্রধান দেহ স্পোরোফাইট।
- > পরিবহন কলাগুচ্ছ বিদ্যমান।
- > গ্যামিটোফাইট দশা উপস্থিত।
- > সুস্পষ্ট জনুক্রম বিদ্যমান।
- > উদাহরণ : Pteris, Lychopodium, Equisetum, Marchelia.

Ans : B.

৫৪. পার্থেনোকার্পিক ফল কোনটি?

- A. কলা B. আম C. পেয়ারা D. লিচু

ব্যাখ্যা : পার্থেনোকার্পিক : হরমোন প্রয়োগে বীজহীন ফল উৎপাদন
উদাহরণ : লেবু, কমলালেবু, কলা, পেঁপে, আনারস, আঙ্গুর।

Ans : A.

৫৫. ফুসফুসের প্রসারণ ও সংকোচনের ফলে সৃষ্ট প্রতিবর্ত ক্রিয়াকে কি বলা হয়?

- A. ব্যালান্সিং B. হেরিং ব্রয়ার C. গ্যাগ D. কাশি

ব্যাখ্যা : শ্বাস-প্রশ্বাস নিয়ন্ত্রণে প্রতিবর্ত ক্রিয়া-

(i) হেরিং-ব্রয়ার	ফুসফুসের সংকোচন প্রসারণ।
(ii) হাঁচি (Sneezing)	নাকের মিউকাস পর্দায় উদ্দীপনা জনিত স্নায়ুর (অলফ্যাক্টরি) মাধ্যমে।
(iii) কাশি (Coughing)	শ্বাসনালী বা ট্রাকিয়াতে কোন বিজাতীয় পদার্থ প্রবেশের ফলে মিউকাস পর্দা উদ্দীপিত হলে (ভেগাস স্নায়ু)।
(iv) গ্যাগ রিফ্লেক্স (Gag reflex)	খাদ্য গলাধঃকরণ বাধাগ্রস্ত হলে গলবিল প্রাচীরের স্নায়ু উদ্দীপনা (গ্লোসোফ্যারিন জিয়াল)

Ans : B.

৫৬. SAN থেকে AVN- এ উদ্দীপনার ঢেউ পরিবহনে কত সেকেন্ড দেরি হয়?

- A. 0.15 সে. B. 0.25 সে. C. 0.05 সে. D. 0.35 সে.

ব্যাখ্যা : অ্যাট্রিও ভেন্ট্রিকুলার নোড (AVN) :

- > ডান অলিন্দের SA Node এর নিচের দিকে অবস্থিত।
- > রূপান্তরিত হৃৎপেশী দ্বারা গঠিত।
- > এটি SA Node থেকে উদ্দীপনা গ্রহণ করে বাঙ্ল অব হিজ সঞ্চরিত করে।
- > SAN থেকে AVN এ উদ্দীপনার ঢেউ পরিবহনে 0.15 সেকেন্ড দেরি হয়।
- > ভেন্ট্রিকুলার সিস্টোল শুরু আগে অ্যাট্রিয়াল সিস্টোল সম্পূর্ণ হয়।

Ans : A.

৫৭. নিচের কোন পদ্ধতিতে ভাইরাসমুক্ত উদ্ভিদ তৈরি করা হয়?

- A. মেরিস্টেম কালচার B. ইনভিট্রো কালচার
C. ক্রোনিং D. টিস্যু কালচার

ব্যাখ্যা : মেরিস্টেম কালচার :

- > উদ্ভিদের শীর্ষমুকুলের অগ্রভাগের টিস্যু।
- > এর মাধ্যমে উৎপাদিত চারাগাছ রোগ মুক্ত হয়ে থাকে।
- > মেরিস্টেম টিস্যুতে কোন রোগ জীবাণু থাকে না।

Ans : A.

৫৮. নিচের কোন প্রাণীটি পেট?

- A. ক্যাট ফিশ B. ডগ ফিশ
C. স্টার ফিশ D. সিলভার ফিশ

Ans : D.

৫৯. নিচের কোন এনজাইমের ক্রিয়ায় জটিল শর্করা বিশ্লেষিত হয়?

- A. অ্যামাইলোলাইটিক B. প্রোটিওলাইটিক
C. লাইপোলাইটিক D. পেপটিওলাইটিক

ব্যাখ্যা : কার্বোহাইড্রেট পরিপাকে সাহায্যকারী এনজাইম :

(i) লালারসে	টায়ালিন ও মলটেজ
(ii) পাকস্থলি রসে	এনজাইম নেই
(iii) অগ্নাশয় রসে	অ্যামাইলেজ ও মলটেজ
(iv) আন্ত্রিক রসে	অ্যামাইলেজ, মলটেজ, আইসোমলটেজ, সুক্রোজ, ল্যাকটোজ

> সুনির্দিষ্ট অ্যামাইলোলাইটিক এনজাইমের ক্রিয়ায় জটিল শর্করা আর্দ্র বিশ্লেষিত হয়ে সরল গ্লুকোজে পরিণত হয়।

Ans : A.

৬০. নিচের কোন গ্রন্থিটি ক্যালসিয়াম বিপাকে সহায়তা করে?

- A. পিটুইটারী B. অগ্নাশয়
C. থাইরয়েড D. প্যারাথাইরয়েড

ব্যাখ্যা : প্যারাথাইরয়েড গ্রন্থি : ২ জোড়া

- > অবস্থান : থাইরয়েড গ্রন্থির পিছনে, ক্ষুদ্র, ডিম্বাকৃতি।
- > নিঃসরণ : প্যারাথরমোন/প্যারাথাইরিন হরমোন।

কাজ : (i) ক্যালসিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করে।

(ii) বৃক্কে Ca এর পুনঃশোষণ বাড়িয়ে দেয়।

(iii) ফসফেটের শোষণ ও রেচন হার বৃদ্ধি করে।

(iv) ভিটামিন D সক্রিয়করণ।

Ans : D.

৬১. নিচের কোন ছত্রাকে মাইসেলিয়াম থাকে না?

- A. Puccinia B. Rhizopus
C. Saccharomyces D. Mucor

ব্যাখ্যা : Saccharomyces [ইস্ট] :

বৈশিষ্ট্য : (i) ধালাস (দেহ) এককোষী এবং মৃতজীবী।

(ii) কোষপ্রাচীর কাইটিন তৈরি।

(iii) কোষে বড় ধরনের দানায়ুক্ত ভ্যাকুওল আছে।

(iv) বাড়িৎ অথবা দ্বিবিভাজন প্রক্রিয়ায় সংখ্যা বৃদ্ধি ঘটে।

(v) অযৌন ও যৌন জনন সংঘটিত হয়।

(vi) কোন ফুটিং বডি সৃষ্টি হয় না।

(vii) মাইসেলিয়াম থাকে না।

Ans : C.

৬২. নিচের কোন বিজ্ঞানী প্রজাতি শব্দটি শ্রেণীবিন্যাসে প্রথম ব্যবহার করেন?

- A. Carolus Linnaeus B. De Candolle
C. John Ray D. Theophrastus

ব্যাখ্যা : > John Ray (1686) সর্বপ্রথম Species (প্রজাতি) শব্দটি ব্যবহার করেন।

> বীজপত্রের পার্থক্য উল্লেখ করে Dicotyledon ও Monocotyledon নামে উদ্ভিদকে ২টি গ্রুপে বিভক্ত করেন।

Ans : C.

৬৩. নিচের কোনটি নগ্নবীজী উদ্ভিদে থাকে না?

- A. সীডনল B. সঙ্গীকোষ
C. প্যারেনকাইমা D. ফ্লোয়েম ফাইবার

Ans : B.

৬৪. দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় প্রোটিনের চাহিদা মেটাতে কোন অনুজীবটি কালচার করা হয়?

- A. ব্যাকটেরিয়া B. ভাইরাস
C. পেনিসেলিন D. ইস্ট

ব্যাখ্যা : ইস্টের ব্যবহার :

- প্রোটিনের উৎস হিসেবে ইস্ট সমৃদ্ধ।
- দেহের গুরু ওজনের শতকরা ৩৭ ভাগ প্রোটিন।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মানিতে প্রোটিনের চাহিদা পূরণের জন্য ইস্ট কালচার করা হয়েছিল।

Ans : D.

৬৫. ফল ও বীজের বৃদ্ধির জন্য নিচের কোন ফাইটোহরমোন প্রয়োজন নয়?

- A. জিক্সেরেলিন B. সাইটোকোইনিন
C. ফ্লোরিজেন D. পেরিলিক

ব্যাখ্যা : ফল ও বীজ উৎপাদনের প্রভাবক :

উৎসেচক	সুক্রোজ, অ্যামাইলোজ, সাইটোফ্রেনম অক্সিডেজ
বৃদ্ধি নিয়ন্ত্রক	(i) অক্সিন (ii) জিব্বেরেলিন (iii) সাইটোকোইনিন (iv) ইথিলিন (v) ফ্লোরিজেন
পুষ্টি ও খনিজ পদার্থ	N, ফসফরাস K, Ca, S, Mg, Mn, ভিটামিন
তাপমাত্রা	30-32° C

Ans : D.

৬৬. নিচের কোন অঙ্গগুলো জরুরী মেসোডার্ম স্তর থেকে গঠিত হয়?

- A. ত্বক ও ত্বকোদ্ভূত গ্রন্থি B. মেরুদণ্ড, কঙ্কালতন্ত্র
C. পরিপাকতন্ত্র, স্নায়ুতন্ত্র D. অগ্ন্যাশয়, শ্বসনতন্ত্র

ব্যাখ্যা : জরুরী স্তরের পরিণতি :

জরুরী স্তর	গঠিত কলা (পূর্ণাঙ্গ প্রাণীদের)
এন্টোডার্ম	(i) ত্বকের এপিডার্মিস, ত্বকীয় গ্রন্থি, চুল, নখ। (ii) সংবেদী অঙ্গ (চোখ ও চোখের অন্তঃকর্ণ; নাকের ঘ্রাণ অঙ্গ) (iii) নাক, মুখ ও পায়ুর আবরণ (iv) দাঁতের এনামেল (v) স্নায়ুতন্ত্র (vi) পিটুইটারি গ্রন্থির
মেসোডার্ম	(i) ত্বকের ডার্মিস (ii) মেরুদণ্ড, কঙ্কালতন্ত্র, পেশী, মেদকলা ও যোজক কলা (iii) রক্ত সংবহন তন্ত্র, লসিকাতন্ত্র, পেরিকার্ডিয়াম (iv) রেচন জনন তন্ত্রের অধিকাংশ (বৃক্কের কটেজ) (v) দাঁতের ডেন্টিন ও চোখের বিভিন্ন অংশ (vi) দেহগহ্বরের অন্তঃপ্রাচীর (vii) সিলোমিক এপিথেলিয়াম, মেসেন্টেরন (viii) পৌষ্টিক নালীর বহিঃস্তর।
এন্ডোডার্ম	(i) পরিপাকতন্ত্রের বিভিন্ন অংশ (অন্তঃস্তর) (ii) শ্বসনতন্ত্র (iii) থাইরয়েড, থাইমাস, যকৃত, অগ্ন্যাশয়, টনসিল, প্যারাথাইরয়েড (iv) মধ্যকর্ণের আবরণ, শ্রবণ নালী (v) রেচন জননতন্ত্র কিছু অংশ (মূত্রথলি ও ইউরেথ্রা) (vi) পাকস্থলি ও অন্ত্রের গ্রন্থি। (vii) রক্ত ও রক্তনালী, কঙ্কালতন্ত্র ও পেশীসমূহ।

Ans : B.

৬৭. বৃক্কের কোন অংশ থেকে এরিথ্রোপয়েটিন স্রবিত হয়?

- A. গ্লোমেরুলাস B. মেডুলা
C. কটেজ D. হাইলাস

ব্যাখ্যা : বিভিন্ন বস্তুর উৎপাদনের স্থান :

উপাদান	স্থান
মূত্র	বৃক্ক
ইরিথ্রোপয়েটিন	বৃক্ক (মেডুলা)
ইউরিয়া, প্লাজমাপ্রোটিন, পিত্তরস (Bile)	যকৃত
CSF (স্পাইনাল ফ্লুইড)	করয়েড প্রেক্সাস
গুক্রাণু	সেমিনিফেরাস নালিকা
ডিঘাণু	ডিঘাশয় (ovary)
Testosterone	ইন্টারস্টিশিয়াল বা লিঙ্গ কোষ (গুক্রাশয়)
রেনিন হরমোন	Juxtaglomerular অ্যাপারেটাস

Ans : B.

৬৮. রক্ততঞ্চনের নবম ফ্যাক্টর কি নামে পরিচিত?

- A. ক্রিসমাস ফ্যাক্টর B. হেগম্যান ফ্যাক্টর
C. ফাইব্রিন ফ্যাক্টর D. এ্যান্টিহিমোফিলিক ফ্যাক্টর

ব্যাখ্যা : রক্তজমাট বাঁধার জন্য 13 টি ফ্যাক্টর বা উপাদান রয়েছে :

Factor I	Fibrinogen
Factor II	Prothrombin
Factor III	Thromboplastin
Factor IV	Calciumion
Factor V	Proaccelerin
Factor VI	-
Factor VII	Proconvertin
Factor VIII	Antihemophilic factor A
Factor IX	Christmas factor
Factor X	Antihemophilic factor B
Factor XI	Antihemophilic factor C
Factor XII	Hagemann factor
Factor XIII	Fibrin Stabilising factor

➤ রক্ততঞ্চনের স্বাভাবিক সময় 4-5 মিনিট।

Ans : A.

৬৯. নিচের কোন অণুজীব পাটের আঁশ ছাড়াতে সাহায্য করে?

- A. Clostridium B. Azotobacter
C. Rhizobium D. Agrobacterium

ব্যাখ্যা : শিল্প ক্ষেত্রে ব্যাকটেরিয়ার উপকারিতা :

- চা, কফি, তামাক প্রক্রিয়াজাতকরণ
- দুগ্ধজাত শিল্পে
- পাট শিল্পে : *Clostridium*
- চামড়া শিল্পে
- জৈব গ্যাস তৈরি
- টেস্টিং সল্ট তৈরি
- রাসায়নিক পদার্থ প্রস্তুতকরণে :
- (i) ভিনেগার (*Acetobacter xylinum* দিয়ে)
- (ii) ল্যাকটিক এসিড (*Bacillus lacticacidi* দিয়ে)
- (iii) অ্যাসিটোন (*Cl. acetobutylicum* দিয়ে)

Ans : A.

৭০. কোন এনজাইমটি জৈব-প্রযুক্তিতে জোড়া লাগানোর কাজে ব্যবহৃত হয়?

- A. লাইপেজ B. অ্যামাইলেজ C. লাইগেজ D. নিউক্লিয়েজ

ব্যাখ্যা :

এনজাইম	ব্যবহার
DNA-Ligase	DNA অনুলিপনের জন্য
DNA-polymerase	DNA খন্ডকে প্রাসমিডে জোড়া লাগাতে
Restriction enzyme	DNA কর্তনে
RNA-polymerase	ট্রান্সক্রিপশনে

Ans : C.

৭১. মানুষের রক্ত গ্রন্থিগণের জন্য দায়ী প্লাজমা ঝিল্লিতে অবস্থিত প্রোটিনের নাম কি?

- A. গ্লোবিউলিন
B. প্রোট্রথিন
C. ফাইব্রিনোজেন
D. অ্যান্টিজেন

ব্যাখ্যা : • রক্ত কণিকায় অ্যান্টিজেনের উপস্থিতি/অনুপস্থিতির উপর ভিত্তি করে রক্তের গ্রন্থি।

• রক্তের RBC তে ঝিল্লিতে দুই রকম অ্যান্টিজেন থাকে (অ্যাথুটিনোজেন) এবং রক্তরসে ২ প্রকার অ্যান্টিবডি থাকে (অ্যাথুটিনিন) থাকে।

Ans : D.

৭২. ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরে থাকে-

- A. সেলুলোজ
B. পেকটিন
C. কাইটিন
D. মিউকোপেপটাইড

ব্যাখ্যা : ব্যাকটেরিয়ার প্রধান বৈশিষ্ট্য :

- (i) আণুবীক্ষণিক জীব
(ii) এককোষীয়, তবে এক সাথে অনেকগুলো কোষ কলোনি করে বা দল বেঁধে থাকতে পারে।
(iii) প্রাককেন্দ্রিক।
(iv) পরজীবী, মৃতজীবী, বা স্বনির্ভর, মুক্তজীবী হতে পারে।
(v) দ্বিবিভাজন (Binary fission) প্রক্রিয়ায় এদের সংখ্যাবৃদ্ধি ঘটে।
(vi) কোষে মিউকোপেপটাইড, পলিস্যাকারাইড, মুরামিক এসিড সমন্বয়ে গঠিত জড় কোষ প্রাচীর বিদ্যমান।
(vii) ফায় ভাইরাসের প্রতি এরা খুবই সংবেদনশীল।
(viii) অজৈব লবণ জারিত করে শক্তি সংগ্রহ করে।

Ans : D.

৭৩. গ্রাইকোলাইসিস কোথায় সংঘটিত হয়?

- A. ক্লোরোপ্লাস্টে
B. লিউকোপ্লাস্টে
C. সাইটোপ্লাজমে
D. মাইটোকন্ড্রিয়ায়

ব্যাখ্যা : > গ্রাইকোলাইসিসের বিক্রিয়া সমূহ কোষের সাইটোপ্লাজমে ঘটে।
> ক্রেবস চক্র, ETS এর সকল বিক্রিয়া কোষের মাইটোকন্ড্রিয়ায় ঘটে।

Ans : C.

৭৪. অস্থি যে আবরণ দ্বারা আবৃত থাকে তাকে বলে-

- A. পেরিঅস্টিয়াম
B. পেরিটোনিয়াম
C. পেরিকার্ডিয়াম
D. পেরিকন্ড্রিয়াম

ব্যাখ্যা :

অঙ্গ	আবরণী	অঙ্গ	আবরণী
ফুসফুস	পুরা	অস্থি	পেরিঅস্টিয়াম
হৃদপিণ্ড	পেরিকার্ডিয়াম	তরুণাঙ্ঘি	পেরিকন্ড্রিয়াম
পরিপাকতন্ত্র	পেরিটোনিয়াম	মস্তিষ্ক	মেনিনজেস
	শুক্রাশয়	ক্রোটাঁম	

Ans : A.

৭৫. খাদ্যানালীর কোন অংশের কোষ দ্বারা গ্লুকোজ শোষিত হয়?

- A. ইলিয়াম
B. ডিওডেনাম
C. জেজুনাম
D. বৃহদন্ত্র

Ans : C.

৭৬. মানবদেহের কোন অঙ্গকে জৈব রাসায়নাগার বলা হয়?

- A. বৃক্ক
B. যকৃত
C. পিত্ত
D. পাকস্থলী

ব্যাখ্যা : যকৃতকে "মানবদেহের জৈব রাসায়নাগার" ও "জীবন সমুদ্রের কর্মমুখর পোতাশ্রয়" বলা হয়।

Ans : B.

৭৭. প্রতি NADPH হতে কত অণু ATP তৈরি হয়?

- A. 4
B. 3
C. 2
D. 6

ব্যাখ্যা : ১ অণু NADPH থেকে ৩ অণু ATP

১ অণু FADH থেকে ২ অণু ATP

১ অণু GTP থেকে ৩ অণু ATP পাওয়া যায়।

Ans : B.

৭৮. সালোকসংশ্লেষণের সময় পানি থেকে ইলেক্ট্রন পরিবহন করতে কোন মৌলগুলো সহায়তা করে?

- A. Na ও Mn
B. Mn ও Cl
C. Na ও Cl
D. Fe ও Co

ব্যাখ্যা : ফটোসিস্টেম-২ এ যে ইলেক্ট্রন হারায় পানি থেকে ইলেক্ট্রন এসে তা পূরণ করে। কারণ, একই সময়ে Mn^{++} ও Cl^{-} এর উপস্থিতিতে পানি ভেঙ্গে O_2 , ইলেক্ট্রন এবং প্রোটন এ বিভক্ত হয়।

Ans : B.

৭৯. র্যামেন্টাম কোথায় পাওয়া যায়?

- A. *Marchantia*
B. *Equisetum*
C. *Sargassum*
D. *Pteris*

ব্যাখ্যা : *Pteris* এর বৈশিষ্ট্য :

- (i) দেহ মূল, কাণ্ড ও পাতায় বিভক্ত।
(ii) কাণ্ড রাইজোমে রূপান্তরিত হয়।
(iii) রাইজোম, র্যামেন্টাম দিয়ে আবৃত থাকে।
(iv) পাতা যৌগিক, কচি অবস্থায় কুণ্ডলিত থাকে।
(v) স্পোরোফাইট সমরেণুপ্রসূ।
(vi) স্পোরোঞ্জিয়াম ফল্গুস ইন্ডুলিয়াম দিয়ে ঢাকা।

Ans : D.

৮০. উদ্ভিদের কোন অংশটি জনন কাজে অংশগ্রহণ করে না?

- A. গর্ভমুণ্ড
B. পুংকেশর
C. বৃতি
D. পরাগথলি

ব্যাখ্যা : বৃতির কাজ :

- (i) সুরক্ষা
(ii) সবুজ বৃতি সালোকসংশ্লেষণে সাহায্য করে।
(iii) জননঙ্গের বৃদ্ধি ও বিকাশ সহায়তা করে।

Ans : C.

গণিত (ঐচ্ছিক)

৪৯. ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$ হলে A^2 এর মান কত?

- A. -A
B. 0
C. 2A
D. A

ব্যাখ্যা : $A^2 = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} \times \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$

$$= \begin{bmatrix} 4+2-4 & -4-6+8 & -8-8+12 \\ -2-3+4 & 2+9-8 & 4+12-12 \\ 2+2-3 & -2-6+6 & -4-8+9 \end{bmatrix}$$

$$= \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} = A$$

Ans : D.

৫০. ABC ত্রিভুজে $a = \sqrt{3}$ একক, $b = \sqrt{2}$ একক, $\angle A = 60^\circ$ এবং $\angle B = 45^\circ$ হলে $c = ?$
 A. 11 B. 8 C. $(\sqrt{3}+1)/\sqrt{2}$ D. 6

ব্যাখ্যা : $C = 180^\circ - (60^\circ + 45^\circ) = 75^\circ$
 $\frac{a}{\sin A} = \frac{c}{\sin C} \Rightarrow \frac{\sqrt{3}}{\sin 60^\circ} = \frac{c}{\sin 75^\circ} \Rightarrow 2 = \frac{c}{\frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}}$
 $\therefore c = \frac{\sqrt{3}+1}{\sqrt{2}}$
 Ans : C.

৫১. $\int \frac{dx}{1+\cos x}$ এর মান কোনটি?
 A. $\frac{1}{3} \sin x$ B. $\frac{1}{2} \tan x$ C. $\frac{1}{3} \cos x$ D. $\frac{1}{3} \tan x$

ব্যাখ্যা : $\int \frac{dx}{1+\cos x} = \int \frac{dx}{2\cos^2 \frac{x}{2}} = \frac{1}{2} \int \sec^2 \frac{x}{2} dx = \tan \frac{x}{2} + c$
 Ans : নাই।

৫২. $3x^3 - 2x^2 + 1 = 0$ সমীকরণের মূলগুলি $\alpha, \beta, \gamma, \sum \alpha^2\beta$ এর মান কত?
 A. 1/2 B. 0 C. 1 D. কোনটিই নয়

ব্যাখ্যা : $3x^3 - 2x^2 + 1 = 0$
 $\alpha + \beta + \gamma = \frac{2}{3}, \alpha\beta + \beta\gamma + \gamma\alpha = 0, \alpha\beta\gamma = -\frac{1}{3}$
 $\therefore \sum \alpha^2\beta = \alpha^2\beta + \alpha\beta^2 + \beta^2\gamma + \beta\gamma^2 + \alpha^2\gamma + \gamma^2\alpha$
 $= (\alpha + \beta + \gamma)(\alpha\beta + \beta\gamma + \gamma\alpha) - 3\alpha\beta\gamma$
 $= \left(\frac{2}{3} \times 0\right) - 3 \cdot \left(-\frac{1}{3}\right) = 1$
 Ans : C.

৫৩. $y = e^{1+\log x}$ হলে $\frac{dy}{dx}$ এর মান কত?
 A. $e^{1+\log x}$ B. $\frac{1}{x} e^{1+\log x}$ C. $\frac{1}{e^x} (1+\log x)$ D. e

ব্যাখ্যা : $y = e^{1+\log x} \Rightarrow \frac{dy}{dx} = e^{1+\log x} \cdot \frac{1}{x}$
 Ans : B.

৫৪. মূলবিন্দু থেকে 4 একক দূরবর্তী এবং -1 ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ কোনটি?
 A. $y + x \pm 4\sqrt{2} = 0$ B. $y - x \pm 4\sqrt{2} = 0$
 C. $y + 4\sqrt{2}x = 0$ D. $4\sqrt{2}x - y = 0$

ব্যাখ্যা : ধরি, -1 ঢালবিশিষ্ট রেখার সমীকরণ,
 $y = -x + c \Rightarrow x + y - c = 0$
 $\therefore \pm \frac{0+0-c}{\sqrt{1^2+1^2}} = 4 \Rightarrow c = \pm 4\sqrt{2}$
 \therefore রেখার সমীকরণ, $x + y \pm 4\sqrt{2} = 0$
 Ans : A.

৫৫. $y = \tan^{-1} \sqrt{\frac{1-\cos x}{1+\cos x}}$ হলে $\frac{dy}{dx} =$ কত?
 A. $\frac{1}{4}$ B. $\frac{1}{2}$ C. $\frac{3}{4}$ D. 1

ব্যাখ্যা : $y = \tan^{-1} \sqrt{\frac{1-\cos x}{1+\cos x}}$
 $\Rightarrow y = \tan^{-1} \sqrt{\frac{2\sin^2 \frac{x}{2}}{2\cos^2 \frac{x}{2}}} \Rightarrow y = \frac{x}{2} \Rightarrow \frac{dy}{dx} = \frac{1}{2}$
 Ans : B.

৫৬. 7 ও 8 কিলোগ্রাম ওজনের দুইটি বলের লব্ধি 13 কিলোগ্রাম হলে বলদ্বয়ের লব্ধির অন্তর্গত কোণের মান কত?
 A. 50° B. 60° C. 45° D. 30°

ব্যাখ্যা : $R^2 = P^2 + Q^2 + 2PQ \cos \alpha$
 $\Rightarrow 13^2 = 7^2 + 8^2 + 2 \cdot 7 \cdot 8 \cos \alpha \Rightarrow \cos \alpha = \frac{1}{2} \Rightarrow \alpha = 60^\circ$
 Ans : B.

৫৭. A ও B ধনাত্মক সূক্ষ্মকোণ এবং $\sin A = \frac{3}{6}, \cos B = \frac{12}{13}$ হলে $\cos(A+B)$ এর মান কত?
 A. $\frac{15}{65}$ B. $\frac{33}{65}$ C. $\frac{18}{65}$ D. $\frac{5}{65}$

ব্যাখ্যা : $\sin A = \frac{3}{5} \Rightarrow \cos A = \sqrt{1 - \left(\frac{3}{5}\right)^2} = \frac{4}{5}$
 $\cos B = \frac{12}{13} \Rightarrow \sin B = \sqrt{1 - \left(\frac{12}{13}\right)^2} = \frac{5}{13}$
 $\therefore \cos(A+B) = \cos A \cos B - \sin A \sin B$
 $= \frac{4}{5} \times \frac{12}{13} - \frac{3}{5} \times \frac{5}{13} = \frac{33}{65}$
 Ans : B.

৫৮. $\vec{X} = 4\hat{i} + 2\hat{j} + 5\hat{k}$ এবং $\vec{Y} = 3\hat{i} - \hat{j} - 2\hat{k}$ ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত?
 A. 0° B. 30° C. 60° D. 90°

ব্যাখ্যা : $\cos \theta = \frac{\vec{A} \cdot \vec{B}}{AB} = \frac{(4\hat{i} + 2\hat{j} + 5\hat{k}) \cdot (3\hat{i} - \hat{j} - 2\hat{k})}{\sqrt{16+4+25} \cdot \sqrt{9+1+4}}$
 $= \frac{12-2-10}{\sqrt{45} \cdot \sqrt{14}} = 0$
 $\therefore \theta = 90^\circ$
 Ans : D.

৫৯. একটি চলমান বস্তুকণা 10 ms^{-1} আদিবেগে এবং -3 ms^{-2} সুষম ত্বরণে সরলরেখা বরাবর যাত্রা করে 16 মিটার অতিক্রম শেষে বস্তুটির বেগ কত মিটার/সে. হবে?
 A. 196 B. 14 C. 4 D. 2

ব্যাখ্যা : $v^2 = u^2 + 2as = 10^2 + 2 \cdot (-3) \cdot 16 = 4$
 $\therefore v = 2 \text{ ms}^{-1}$
 Ans : D.

৬০. প্যাসকেলের ত্রিভুজে চতুর্থ সারির উপাদান কয়টি?

- A. 2 B. 3 C. 4 D. 5

ব্যাখ্যা : ${}^3C_0, {}^3C_1, {}^3C_2, {}^3C_3$

Ans : C.

৬১. $Y^2 - 4y - 4x + 16 = 0$ পরাবৃত্তের উপকেন্দ্রের স্থানাংক কত?

- A. (-2, -4) B. (4, 2) C. (2, 4) D. (-4, -4)

ব্যাখ্যা : $y^2 - 4y - 4x + 16 = 0$
 $\Rightarrow y^2 - 4y + 4 = 4x - 16 + 4$
 $\Rightarrow (y - 2)^2 = 4(x - 3)$

উপকেন্দ্র, $x - 3 = 1 \Rightarrow x = 4$
 $y - 2 = 0 \Rightarrow y = 2$

Ans : B.

৬২. $x^2 + y^2 - 4x - 8y + P = 0$ বৃত্তটি x অক্ষকে স্পর্শ করে। P এর মান কত?

- A. 4 B. 5 C. 7 D. 11

ব্যাখ্যা : x অক্ষকে স্পর্শ করলে, $g^2 = c \Rightarrow (-2)^2 = P$

$\therefore P = 4$

Ans : A.

৬৩. $\cos\left(\sin^{-1}\frac{1}{4} + \cos^{-1}\frac{1}{4}\right)$ এর মান কত?

- A. -1 B. 1 C. 1/2 D. 0

ব্যাখ্যা : $\cos\left(\sin^{-1}\frac{1}{4} + \cos^{-1}\frac{1}{4}\right) = \cos\frac{\pi}{2} = 0$

Ans : D.

৬৪. $\tan 40^\circ \tan 50^\circ \tan 60^\circ$ এর মান কোনটি?

- A. $\tan 10^\circ$ B. $\sqrt{3}$ C. $\frac{1}{\sqrt{3}}$ D. $-\sqrt{3}$

ব্যাখ্যা : $\tan 40^\circ \tan 50^\circ \tan 60^\circ = \tan(90^\circ - 50^\circ) \tan 50^\circ \sqrt{3}$
 $= \cot 50^\circ \tan 50^\circ \cdot \sqrt{3} = \sqrt{3}$

Ans : B.

৬৫. $\tan \theta = \frac{3}{4}$ হলে $\frac{\sin \theta - \cos \theta}{\sin \theta + \cos \theta}$ এর মান কোনটি?

- A. 7 B. $\frac{1}{7}$ C. $-\frac{1}{7}$ D. -7

ব্যাখ্যা : $\tan \theta = \frac{3}{4} \Rightarrow \frac{\sin \theta}{\cos \theta} = \frac{3}{4}$
 $\Rightarrow \frac{\sin \theta - \cos \theta}{\sin \theta + \cos \theta} = \frac{3 - 4}{3 + 4} = \frac{-1}{7}$

Ans : C.

৬৬. কোনো বিন্দুর পোলার স্থানাংক $\left(2, \frac{2\pi}{3}\right)$ হলে ঐ বিন্দুর কার্ভেসীয় স্থানাংক কোনটি?

- A. $(2\sqrt{3}, -1)$ B. $(1, -2\sqrt{3})$ C. $(1, -\sqrt{3})$ D. $(-2\sqrt{3}, 1)$

ব্যাখ্যা : কার্ভেসীয় স্থানাংক $\left(2\cos\frac{2\pi}{3}, 2\sin\frac{2\pi}{3}\right)$
 $= \left(2 \cdot \frac{-1}{2}, 2 \cdot \frac{\sqrt{3}}{2}\right) = (-1, \sqrt{3})$

Ans : নাই।

৬৭. $\int(x-2) = x^2 - 2x + 8$ হলে $\int(-4)$ এর মান কত?

- A. 8 B. 10 C. 12 D. 16

ব্যাখ্যা : $f(x-2) = x^2 - 2x + 8$

$x = -2$ বসিয়ে, $f(-4) = (-2)^2 - 2(-2) + 8 = 16$

Ans : D.

৬৮. $\int_0^1 \frac{\ln(x+1)}{x+1} dx = ?$

- A. $\frac{1}{2}(\ln 2)^2$ B. $\frac{1}{2}\ln 2$ C. ∞ D. 0

ব্যাখ্যা : $\int_0^1 \frac{\ln(x+1)}{x+1} dx$

ধরি, $\ln(x+1) = z \Rightarrow \frac{1}{x+1} dx = dz$

$x = 0, 1$ হলে $z = 0, \ln 2$

$\therefore \int_0^1 \frac{\ln(x+1)}{x+1} dx = \int_0^{\ln 2} z dz = \left[\frac{z^2}{2}\right]_0^{\ln 2} = \frac{1}{2}(\ln 2)^2$

Ans : A.

৬৯. $\int_0^1 \frac{dx}{\sqrt{2x-x^2}} = ?$

- A. π B. 2π C. $\frac{\pi}{2}$ D. 0

ব্যাখ্যা : $\int_0^1 \frac{dx}{\sqrt{2x-x^2}} = \int_0^1 \frac{dx}{\sqrt{1-(x-1)^2}} = \left[\sin^{-1}(x-1)\right]_0^1$

$= \sin^{-1}(0) - \sin^{-1}(-1) = \frac{\pi}{2}$

Ans : C.

৭০. $(1+x)^{44}$ এর বিস্তৃতিতে 21 তম এবং 22 তম পদদ্বয় সমান হলে x এর মান কত?

- A. $\frac{7}{8}$ B. $\frac{6}{7}$ C. $\frac{5}{6}$ D. $\frac{8}{9}$

ব্যাখ্যা : $(1+x)^{44}$

$\therefore {}^{44}C_{20} \cdot x^{20} = {}^{44}C_{21} \cdot x^{21}$

$\Rightarrow x = \frac{{}^{44}C_{20}}{{}^{44}C_{21}} = \frac{21!(44-21)!}{20!(44-20)!} = \frac{21! 23!}{20! 24!} = \frac{21}{24} = \frac{7}{8}$

Ans : A.

৭১. 5N, 7N এবং 8N বলদ্বয় একটি বস্তুর উপর ক্রিয়া করে ভারসাম্য সৃষ্টি করলে 8N এবং 5N বলদ্বয়ের মধ্যবর্তী কোণ কত?

- A. 30° B. 60° C. 90° D. 120°

ব্যাখ্যা : 5N, 7N, 8N বলদ্বয় সাম্যাবস্থায় থাকলে প্রত্যেকটি বল অপর বলদ্বয়ের লব্ধি হবে।

$\therefore 7^2 = 5^2 + 8^2 + 2 \cdot 5 \cdot 8 \cos \alpha \Rightarrow \cos \alpha = -\frac{1}{2}$

$\therefore \alpha = 120^\circ$

Ans : D.

৭২. $r \cos(\theta - \alpha) = k$ সমীকরণটির কার্তেসীয় সমীকরণ কোনটি?

- A. $x \cos \theta + y \sin \theta = k$
 B. $x \cos \alpha + y \sin \alpha = k$
 C. $x \cos \alpha - y \sin \alpha = k$
 D. $x \cos \alpha - y \sin \alpha - k = 0$

ব্যাখ্যা : $r \cos(\theta - \alpha) = k$
 $\Rightarrow r \cos \theta \cos \alpha + r \sin \theta \sin \alpha = k$
 $\Rightarrow x \cos \alpha + y \sin \alpha = k$
Ans : B.

৭৩. $A = \begin{bmatrix} 1 & i \\ -i & 1 \end{bmatrix}$, $B = \begin{bmatrix} i & -1 \\ -1 & -i \end{bmatrix}$ এবং $i = \sqrt{-1}$ হলে AB এর

মান কত?

- A. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$
 C. $\begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix}$ D. $\begin{bmatrix} i & 1 \\ 1 & i \end{bmatrix}$

ব্যাখ্যা : $AB = \begin{bmatrix} 1 & i \\ -i & 1 \end{bmatrix} \times \begin{bmatrix} i & -1 \\ -1 & -i \end{bmatrix}$
 $= \begin{bmatrix} i-i & -1-i^2 \\ -i^2-1 & i-i \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$

Ans : B.

৭৪. $(7, 2)$ বিন্দু হতে $2x^2 + 2y^2 + 5x + y - 15 = 0$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত?

- A. 4 B. 6
 C. 8 D. 2

ব্যাখ্যা : $2x^2 + 2y^2 + 5x + y - 15 = 0$
 $\Rightarrow x^2 + y^2 + \frac{5}{2}x + \frac{1}{2}y - \frac{15}{2} = 0$

$(7, 2)$ বিন্দু হতে স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{7^2 + 2^2 + \frac{5}{2} \cdot 7 + \frac{1}{2} \cdot 2 - \frac{15}{2}}$
 $= \sqrt{49 + 4 + \frac{35}{2} + 1 - \frac{15}{2}} = 8$

Ans : C.

৭৫. যদি $y = \frac{\ln x}{x}$ হয় তবে $x^3 y_2 - 2xy$ এর মান কোনটি?

- A. -3 B. -2 C. -1 D. 0

ব্যাখ্যা : $y = \frac{\ln x}{x} \Rightarrow y_1 = \frac{x \cdot \frac{1}{x} - \ln x \cdot 1}{x^2} = \frac{1 - \ln x}{x^2}$

$\Rightarrow y_2 = \frac{x^2(-\frac{1}{x}) - (1 - \ln x)2x}{x^4} = \frac{-1 - 2 + 2 \ln x}{x^3}$

$\Rightarrow x^3 y_2 = -3 + 2 \ln x \Rightarrow x^3 y_2 - 2xy = -3 + 2 \ln x - 2xy$

$\Rightarrow x^3 y_2 - 2xy = -3 + 2 \ln x - 2x \cdot \frac{\ln x}{x}$

$\therefore x^3 y_2 - 2xy = -3$

Ans : A.

৭৬. $3^{x+5} = 3^{x+3} + \frac{8}{3}$ হলে $x = ?$

- A. 1 B. -2 C. -4 D. 4

ব্যাখ্যা : $3^{x+5} = 3^{x+3} + \frac{8}{3} \Rightarrow 3^{x+6} = 3^{x+4} + 8$
 $\Rightarrow 3^{x+4}(3^2 - 1) = 8$
 $\Rightarrow 3^{x+4} = 1 = 3^0 \Rightarrow x + 4 = 0$
 $\therefore x = -4$

Ans : C.

গুটেলিন	• লঘু এসিড বা ক্ষারে দ্রবণীয়। • শস্যদানায় অধিক থাকে। • গমের গুটেলিন, চালের অরাজেনিন।

প্রোলামিন	• অ্যালকোহলে (৭০-৮০%) দ্রবীভূত। • ভুট্টার জেইন, গম ও রাইয়ের গ্লিয়াডিন। যব ও বার্লির হার্ডিন।
হিস্টোন	• নিউক্লিয়াস ও নিউক্লিক এসিডে থাকে। • জীনের বৈশিষ্ট্য প্রকাশে ভূমিকা রাখে।
প্রোটামিন	• সবচেয়ে ক্ষুদ্র • কুপিন, স্যালামিন (কতিপয় মাছের শুক্রাণুতে)
ক্লোরো প্রোটিন	প্রাণিদেহের হাড়, চুল, নখ, ত্বক ও সংযোগ তিস্যুতে থাকে।

Ans : A.

৬২. 'টেস্টিং সল্ট' ধস্ততিতে _____ ব্যবহৃত হয়।

A. ইন্সট B. ভাইরাস C. ব্যাকটেরিয়া D. নেমাটোড

ব্যাখ্যা : শিল্প ক্ষেত্রে ব্যাকটেরিয়ার গুরুত্ব -

- চা, কফি, তামাক প্রক্রিয়াজাতকরণ
- দুগ্ধ জাত শিল্পে : দুগ্ধ হতে মাখন, দই পনির তৈরি।
- পাট শিল্পে : Clostridium ভূমিকা রাখে।
- চামড়া শিল্পে : লোম ছাড়ানোর ক্ষেত্রে।
- জৈব গ্যাস তৈরিতে : হেভী মেটাল পৃথকীকরণ।
- টেস্টিং সল্ট তৈরিতে।
- রাসায়নিক পদার্থ ধস্ততকরণে :
ভিনেগার (Acetobacter Xylyum দিয়ে)
ল্যাকটিক এসিড (Bacillus Tacticacidi দিয়ে)
অ্যাসিটোন (Clostridium Acetobutylicum দিয়ে)

Ans : C.

৬৩. লেসিথিন কী?

A. ফসফোলিপিড B. অ্যামাইনো এসিড
C. কার্বহাইড্রেড D. ভিটামিন

ব্যাখ্যা : যৌগিক লিপিড :

(ক) ফসফোলিপিড :

- > গ্লিসারল + ফ্যাটি এসিড + PO_4
- > লেসিথিন, সেফালিন, প্রাজমালোজেন
- > সেল মেমব্রেন, মাইটোকন্ড্রিয়া, ক্লোরোপ্লাস্ট, টনোপ্লাস্ট এন্ডোপ্লাজমিক রেটিকুলাম নিউক্লিয়ার এনভেলপ।

(খ) গ্লাইকোলিপিড :

- > সূর্যমুখী ও তুলার বীজ > ক্লোরোপ্লাস্টে বেশি থাকে।

(গ) সালফোলিপিড :

- > উদ্ভিদে প্রচুর > ক্লোরোপ্লাস্টে সীমাবদ্ধ।

Ans : A.

৬৪. কোনটি মনোসিয়াস উদ্ভিদ?

A. পটল B. বেগুন C. মিষ্টি আলু D. ভুট্টা

ব্যাখ্যা : মনোসিয়াস উদ্ভিদ : একই গাছে পুরুষ ফুল ও স্ত্রী ফুল জন্মে।
উদাহরণ : কুমড়া জাতীয় সবজি, ভুট্টা।

Ans : D.

৬৫. নিউসেলাস কিসের অংশ?

A. পরাগধানীর B. গর্ভদন্ডের C. গর্ভমূলের D. ডিম্বকের

ব্যাখ্যা : ডিম্বকের গঠন : ৭টি অংশ-

- > ডিম্বকনাড়ী (Funiculus) > ডিম্বকনাতী (Hilum)
- > নিউসেলাস/জগপোষক তিস্যু > ডিম্বকত্বক (Integument)
- > ডিম্বকরন্ধ্র (Micropyle) > ডিম্বকমূল (Chalaza)
- > জগথলি (Embryo Sac) এর তিনটি অংশ :
(i) প্রতিপাদ কোষ (ii) ডিম্বাণু যন্ত্র (iii) সেকেন্ডারি নিউক্লিয়াস

Ans : D.

৬৬. কোনটিতে প্রাস্টিড নেই?

- A. ফার্ণ B. শৈবাল C. ছত্রাক D. স্পাইরোগাইরা

ব্যাখ্যা : ছত্রাক, ব্যাকটেরিয়া, নিলাভ সবুজ শৈবাল প্রভৃতি কোষে প্রাস্টিড নেই।

Ans : C.

৬৭. কোনটিতে ট্র্যাকিড পাওয়া যায়?

- A. জাইলেম B. গ্লেয়েম C. কোলেনকাইমা D. ক্লোরেনকাইমা

ব্যাখ্যা : জাইলেম টিস্যুর অংশ সমূহ-

- i) ট্র্যাকিড ii) ভেসেল বা ট্র্যাকিয়া
iii) জাইলেম প্যারেনকাইমা iv) জাইলেম ফাইবার বা উড ফাইবার

Ans : A.

৬৮. পেরিডার্মের উপাদান কোনটি?

- A. লেন্টিসেল B. কর্ক ক্যাঞ্চিয়াম C. কটেক্স D. গৌণ জাইলেম

ব্যাখ্যা : পেরিডার্ম : ৩টি টিস্যু মিলিতভাবে গঠিত। যথা :

(i) ফেলেম (কর্ক) (ii) ফেলোজেন (কর্ক ক্যাঞ্চিয়াম)

(iii) ফেলোডার্ম(সেকেন্ডারি কটেক্স)

> বহিঃস্থিলীয় অঞ্চলে সেকেন্ডারি বৃদ্ধির মাধ্যমে সৃষ্টি হয়।

Ans : B.

৬৯. NADP কি?

- A. এনজাইম B. ভিটামিন C. হরমোন D. কো-এনজাইম

ব্যাখ্যা : কো-এনজাইমসমূহ:

FADH₂ = Reduced Flavin Adenin Dinucleotide

FAD = Flavin Adenin dinucleotide

FMN = Flavin Mono nucleotide

NAD = Nicotinamide Adenin Dinucleotide

NADP = Nicotinamid Adenin Dinucleotide Phosphate

Co.A = Co-A

ATP = Adenosine triphosphate

Ans : D.

৭০. বায়োগ্যাসের প্রধান উপাদান কোনটি?

- A. হাইড্রোজেন B. নাইট্রোজেন C. ইথেন D. মিথেন

ব্যাখ্যা : বায়োগ্যাস : বিভিন্ন পচনশীল জৈব পদার্থ বা জীবজ বর্জ্য পদার্থ বাতাসের অনুপস্থিতিতে জীবাণুর সাহায্যে পচনের ফলে যে বর্জ্য গ্যাসের উৎপন্ন হয়।

উপাদান: মিথেন (৬০-৭০%), CO₂ (২৫-৩৫%), H₂ (১-৫%), O₂ (০.০১%)

Ans : D.

৭১. আখের কাণ্ডরসে কি পরিমাণ সুক্রোজ থাকে?

- A. ১০% B. ১৫% C. ২০% D. ২৫%

ব্যাখ্যা : ইক্ষুর রসে প্রায় ১৫% সুক্রোজ, কিছু পরিমাণ জৈব এসিড, প্রোটিন ও ফসফেট বিদ্যমান।

Ans : B.

৭২. বীজের অংকুরোদগমের জন্য কোন হরমোন দায়ী?

- A. অক্সিন B. জিবরেলিন
C. সাইটোকাইনিন D. এবসেসিক এসিড

ব্যাখ্যা : বীজের স্বাভাবিক বৃদ্ধি ও পরিষ্কৃটনের জন্য প্রয়োজন : অক্সিন, জিবরেলিন (হরমোন), অ্যাবসেসিক এসিড।

Ans : B.

৭৩. মাইক্রোফাইব্রিলে কতটি সেলুলোজ অনু থাকে?

- A. ২০ টি B. ২০০ টি C. ২০০০ টি D. ২০০০০ টি

ব্যাখ্যা : কোষ প্রাচীরের-

- > প্রধান উপাদান সেলুলোজ।
- > সেলুলোজ : পলিস্যাকারাইড ৬ কার্বন বিশিষ্ট β-D গ্লুকোজ চিনির অসংখ্য অণু।
- > ১-৩০০০ সেলুলোজ অণু নিয়ে একটি সেলুলোজ চেইন গঠিত হয়।
- > ১০০ সেলুলোজ চেইন মিলিত ভাবে ১টি ক্রিস্টালাইন মাইসেলিস গঠন করে।
- > ২০টি মাইসেলিস = ১টি মাইক্রোফাইব্রিল
- > ২৫০টি মাইক্রোফাইব্রিল = ১টি ম্যাক্রোফাইব্রিল।
- > অনেকগুলো ম্যাক্রোফাইব্রিল = ১টি তন্তু (ফাইবার)

Ans : C.

৭৪. প্রাজমা মেমব্রেনে পানির পরিমাণ-

- A. ২০% B. ২৫% C. ৩০% D. ৩৫%

ব্যাখ্যা : প্রাজমা মেমব্রেন/কোষ ঝিল্লি-

- > কোষ প্রাচীরের নিচে প্রোটোপ্রাজমকে ঘিরে সজীব নরম ঝিল্লি।
- > বৈষম্য ভেদ্য হওয়ায় অভিস্রবণের মাধ্যমে পানি ও খনিজ চলাচল নিয়ন্ত্রণ করে ও কোষগুলোকে পরস্পর থেকে আলাদা রাখে।
- > লিপিড স্তর 35Å
- > দুই পাশের প্রোটিন স্তর 20Å
- > পুরো প্রাজমা মেমব্রেন এর বেধ 75Å
- > পানির পরিমাণ 25%
- > ঝিল্লিতে ক্ষুদ্র ক্ষুদ্র 8-50 Å ব্যাস বিশিষ্ট ঝিল্লি থাকে।

Ans : B.

৭৫. পাট পচনে সহায়তা করে-

- A. Cyanobacteria B. Nostoc
C. Blue Green Algae D. Spirogyra

ব্যাখ্যা : পাট পচনে Clostridium এর ভূমিকা রয়েছে।

Ans : নাই.

৭৬. অ্যামাইনো এসিডের পলিমারকে বলে-

- A. লিপিড B. স্টার্চ C. নিউক্লিক এসিড D. প্রোটিন

ব্যাখ্যা : প্রোটিন : অসংখ্য অ্যামাইনো এসিডের সমন্বয়ে বৃহদাকার যৌগিক জৈব অণু।

> বিভিন্ন অ্যামাইনো এসিডের ৫০টি অণু পেপটাইড বন্ধন দ্বারা আবদ্ধ হয়ে পলিপেপটাইড গঠন করে।

> প্রোটিন হলো পলিপেপটাইড যৌগ।

Ans : D.

৭৭. মানবদেহের কোষে বিদ্যমান রাইবোসোম কোন প্রকারের?

- A. 70 S B. 80 S C. 60 S D. 50 S

ব্যাখ্যা : : রাইবোসোমের প্রধান উপাদান RNA ও প্রোটিন (১ : ১)।

রাইবোসোম	rRNA	প্রোটিন
70S [30S ও 50S sub unit] (আদিকোষ /ব্যাকটেরিয়ার কোষ) (0.5-0.8μm)	23S, 16S, 5S	৫২ প্রকার
80S [40S ও 60S sub unit] (প্রকৃত কোষ/মানব দেহের কোষ)	28S, 18S, 5.8S, 5S	৮০ প্রকার

Ans : B.

৭৮. নিচের কোনটি দ্বারা সেন্দ্রিওল গঠিত নয়?

- A. প্রোটিন B. লিপিড C. ATP D. কার্বোহাইড্রেট

ব্যাখ্যা : সেন্দ্রিওল :

বিস্তৃতি	> শৈবাল, ছত্রাক, মসবগীয়, ফার্নগীয় উদ্ভিদ, নগ্নবীজী এবং অধিকাংশ প্রাণিতে পাওয়া যায়। > আদিকোষে, ডায়টম, ঈষ্ট ও আবৃতবীজী উদ্ভিদে অনুপস্থিত।
অবস্থান	> নিম্নশ্রেণীর উদ্ভিদ কোষে যেমন : ক্ল্যামাইডোমোনাস, ভলভক্স, ইউলেথ্রিক্স, ইডোগোনিয়াতে দেখা যায়। > স্নায়ুকোষে নিষ্ক্রিয় থাকে।
অংশ	> ৩টি অংশ- (i) প্রাচীর/সিলিভার ওয়াল (ii) ত্রয়ী অনুনালিকা/ট্রিপলেটস (৯টি) (iii) যোজক/লিংকার
রাসায়নিক গঠন	> প্রোটিন, > লিপিড > ATP

Ans : D.

৭৯. বায়োইথানল তৈরীতে কোনটি ব্যবহৃত হয়?

- A. গুকোজ B. সুক্রোজ C. ফ্রুক্টোজ D. সেলুলোজ

ব্যাখ্যা : বায়োইথানল তৈরীতে গুকোজ ব্যবহৃত হয়।

Ans : A.

৮০. কোনটি ভাইরাস জনিত রোগ?

- A. ডিফথেরিয়া B. পোলিও C. কলেরা D. টিটেনাস

ব্যাখ্যা : ভাইরাস জনিত রোগসমূহ হল-

- মানুষের রোগ : বসন্ত, হাম, পোলিও, জলাতঙ্ক, ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, ডেঙ্গু, ভাইরাল হেপাটাইটিস, এইডস
- উদ্ভিদের রোগ : মোজাইক রোগ, লিফরোল, বুসিসট্যান্ড, ধানের টুংছো।
- প্রাণীর রোগ : গরুর বসন্ত
গরু, ভেড়া, মহিষ, ছাগলের "ফুট এন্ড মাউথ" রোগ
কুকুর ও বিড়ালের জলাতঙ্ক।
- অন্যান্য : বার্ড ফ্লু, সোয়াইন ফ্লু।

Ans : B.

৮১. নিচের কোনটি ভিটামিন সমৃদ্ধ খাদ্য?

- A. Laminaria B. Gracilaria
C. Chondrus D. Chlorella

ব্যাখ্যা : Chlorella-

- সবুজ শৈবাল
- খাদ্য হিসেবে ব্যবহৃত করে।
- ৪৫% প্রোটিন, ২০% চর্বি, ২০% শর্করা, ৫% তন্তু, ১০% মিনারেল এক ভিটামিন।

Ans : D.

৮২. নিচের কোন মাছটির পটকা রক্তজালিকা সমৃদ্ধ এবং শ্বসন কাজে সাহায্য করে?

- A. Channa punctatus B. Anabas testudineus
C. Latimeria chalumnae D. Tenualosa ilisha

ব্যাখ্যা : শ্রেণী : Sarcopterygii

- বৈশিষ্ট্য : i) অন্তঃকঙ্কাল অস্থিময়।
ii) দেহ গ্ল্যানয়েড আইশে আবৃত।
iii) মাথার দু'পাশে ফুলকারক্কা থাকে যা কানকো দিয়ে আবৃত।
iv) এদের পটকা (swim bladder) রক্তজালিকা সমৃদ্ধ এবং শ্বসনে ভেসে থাকতে সাহায্য করে।
v) লেজ ডাইফিসার্কাল

উদাহরণ :

- Latimeria chalumnae* (সিলাকাছ)
Neoceratodus forsteri (অস্ট্রেলিয়ান লাংফিশ)
Protopterus annectens (আফ্রিকান লাংফিশ)

Ans : C.

৮৩. অ্যাক্রোমিয়াল প্রসেস কোন অস্থির অংশ-

- A. স্ক্যাপুলা B. কশেরুকা C. হিউমেরাস D. ফিমার

ব্যাখ্যা : বক্ষস্থিচক্র (Pectoral Girdle)

- অংশ সমূহ : (i) ১ জোড়া ক্ল্যাভিকল (ii) ১ জোড়া স্ক্যাপুলা
- ক্ল্যাভিকল (Clavicle) :
➢ দেখতে ইটালিক 'f' এর মত বাঁকা।
➢ অংশ : দেহ ও দুটি প্রান্ত। যথা : (i) স্টার্নাল প্রান্ত ও (ii) অ্যাক্রোমিয়াল প্রান্ত
- স্ক্যাপুলা (Scapula) :
➢ চাপা ও ত্রিকোণাকার
➢ অংশ : (i) গ্লেনয়েড গহ্বর (ii) অ্যাক্রোমিয়াল প্রসেস (iii) কোরাকয়েড প্রসেস (iv) স্ক্যাপুলার প্রসেস (v) সুপ্রাস্পাইনাস, ইনফ্রাস্পাইনাস ফসা ও সাবস্ক্যাপুলার ফসা
➢ গ্লেনয়েড গহ্বরে হিউমেরাস মস্তক আটকানো থাকে।

Ans : A.

৮৪. ব্লাড গ্রুপিং এর অ্যান্টিবডি কোন ধরনের-

- A. IgG B. IgM C. IgE D. IgA

ব্যাখ্যা : বিস্তারিত: (C Unit) Set-1 এর (৬৪) নং দেখ।

Ans : B.

৮৫. কোন জীব যখন পরিবেশের রাসায়নিক ঘনত্বের তারতম্যে সাড়া দেয় তাকে বলে-

- A. অ্যারোট্যাক্সিস B. এনার্জি ট্যাক্সিস
C. কেমোট্যাক্সিস D. গ্রাভি ট্যাক্সিস

ব্যাখ্যা : চলন আচরণ বা ট্যাক্সিস-

পজিটিভ/ধনাত্মক ট্যাক্সিস	উদ্দীপকের অভিমুখে গমন করা
নেগেটিভ/ঋণাত্মক ট্যাক্সিস	উদ্দীপক থেকে বিপরীতমুখে গমন
ফটোট্যাক্সিস	আলোক উদ্দীপনায় সাড়া দেওয়া। যেমন: উইপোকা আলোর প্রতি ধনাত্মক এবং আরশোলা ঋণাত্মক ফটোট্যাক্সিস।
থার্মোট্যাক্সিস	তাপীয় উদ্দীপনায় সাড়া দেওয়া। যেমন: Euglena, Amoeba, Paramecium ঋণাত্মক থার্মোট্যাক্সিস প্রদর্শন করে।
কেমোট্যাক্সিস	রাসায়নিক তীব্রতার সাড়া দেওয়া। Paramecium অনেক রাসায়নিক দ্রব্যের প্রতি ঋণাত্মক আবার মৃদু এসিডের প্রতি ধনাত্মক।
থিগমোট্যাক্সিস	চলার পথে স্পর্শ ইন্দ্রিয় দ্বারা অণুপ্রাণিত হওয়া।
হাইড্রোট্যাক্সিস	অর্দ্রতা যখন প্রাণীর চলাচল প্রভাবিত করে।
অ্যানিমোট্যাক্সিস	বায়ু প্রবাহ দ্বারা প্রভাবিত হওয়া।
রিওট্যাক্সিস	তরল পদার্থের স্রোতের প্রতি সাড়া দেওয়া। কার্প জাতীয় মাছ প্রজননের সময় পানিস্রোতের বিপরীতে চলে।
জিওট্যাক্সিস/থ্যাভিট্যাক্সিস	মধ্যাকর্ষণ শক্তি দ্বারা প্রভাবিত হয়ে প্রাণীর চলাচল। খাদ্যের সন্ধানে ক্যাটারপিলার লার্ভা উপরের দিকে এবং এদের পিউপা নিচের দিকে গমন করে। ধনাত্মক ও ঋণাত্মক জিওট্যাক্সিস প্রদর্শন করে।
গ্যালভানোট্যাক্সিস/ ইলেক্ট্রোট্যাক্সিস	বিদ্যুৎ প্রবাহ দ্বারা উদ্দীপিত হয়ে প্রাণীর চলাচল। যেমন: চিংড়ির অ্যাকুরিয়ামে দুর্বল তড়িৎপ্রবাহ চালানো হলে চিংড়ি ধনাত্মক প্রান্তের দিকে যায়।
ফনোট্যাক্সিস	শব্দের প্রতি সাড়া দেওয়া।
সাপেক্ষ ট্যাক্সিস	দুই বা ততোধিক ট্যাক্সিস প্রদর্শন করে। যেমন: কিছু প্রজাপতি ডিম পাড়ার জন্য বিশেষ উদ্ভিদের গন্ধ ও সবুজ পাতার দিকে গমন করে।
অ্যারোট্যাক্সিস	অক্সিজেন ঘনত্বের পার্থক্যের কারণে সাড়া দেওয়া।
এনার্জিট্যাক্সিস	জীবকোষের অন্তঃস্থ শক্তির অবস্থা বিবেচনা করে সর্বোচ্চ বিপাকীয় কাজের দিকে সাড়া দেওয়া।

Ans : C.

৮৬. ইউরিক এসিড কোন পদার্থের বিপাকের শেষ পরিণতি-

- A. গ্লুকোজ B. অ্যামাইনো এসিড
C. পিউরিন D. পাইরিমিডিন

ব্যাখ্যা : ইউরিক এসিড :

- মানবদেহে পিউরিন বিপাকের শেষ পরিণতি ইউরিক এসিড উৎপাদন।
- দেহজাত ও গৃহীত খাদ্য এ ২ ধরনের পিউরিন জাতীয় পদার্থ থেকেই ইউরিক এসিড উৎপন্ন হয়ে বৃক্কে পৌছায়।
- ইউরিক এসিড মূত্রনালীতে সঞ্চিত হয়ে সুই আকৃতির স্ফটিক সৃষ্টি করে যা বৃক্কের পাথর নামে চিহ্নিত।

Ans : C.

৮৭. কোন্টি প্রাজমা প্রোটিন নয়?

- A. টাইরোসিন B. ফিব্রিনোজেন
C. প্রোথ্রোমিন D. অ্যালবুমিন

ব্যাখ্যা : প্রাজমা প্রোটিন : 6-8gm/dl

- (i) সিরাম অ্যালবুমিন (ii) সিরাম গ্লোবিউলিন
(iii) প্রোথ্রোমিন (iv) ফাইব্রিনোজেন

Ans : A.

৮৮. রুই মাছের কত জোড়া ফুলকা থাকে?

- A. ২ জোড়া B. ৩ জোড়া C. ৪ জোড়া D. ৫ জোড়া

ব্যাখ্যা : রুই মাছের ৪ জোড়া ফুলকা থাকে।

Ans : C.

৮৯. 'সাইনুসয়েড' নীচের কোন্টির সনাক্তকারী বৈশিষ্ট্য?

- A. ক্ষুদ্রান্ত B. পাকস্থলি C. যকৃত D. বৃক্ক

ব্যাখ্যা : যকৃতের সনাক্তকারী বৈশিষ্ট্য :

- (i) কতগুলো ক্ষুদ্র খন্ড বা লোবিওলে বিভক্ত।
(ii) প্রত্যেক লোবিওলে অসংখ্য বহুভূজাকার যকৃত বা হেপাটিস কোষ এ বিভক্ত।
(iii) কোষগুলো বহুভূজাকার ও এক/দ্বিনিউক্লিয়াস বিশিষ্ট।
(iv) লোবিউলের মাঝে মাঝে সাইনুসয়েড নামক ফাঁকা স্থান থাকে।
(v) লোবিউলের কেন্দ্রে একটি কেন্দ্রীয় শিরা অবস্থিত।
(vi) কোষের মাঝে মাঝে রয়েছে কৈশিকনালি ও পিস্তনালি।

Ans : C.

৯০. কোষের RNA-র ৮০ ভাগই-

- A. tRNA B. mRNA C. rRNA D. nRNA

ব্যাখ্যা : রাইবোসোমাল RNA (rRNA) :

- কোষের শতকরা ৮০-৯০ ভাগ rRNA।
- সর্বাপেক্ষা স্থায়ী এবং অদ্রবণীয়।
- কাজ : (i) রাইবোসোম নামক কোষ অঙ্গাণু সৃষ্টিতে অবদান রাখে।
(ii) যার মাধ্যমে কোষে প্রোটিন সংশ্লেষিত হয়।

Ans : C.

৯১. মাইক্রোফাইলেরি বাস করে মানুষের-

- A. লসিকা গ্রন্থিতে B. যকৃতে
C. রক্তে D. সবগুলো

ব্যাখ্যা : গোদ রোগ/ফাইলেরিয়াসিস :

- পরজীবী ঘটিত রোগ।
- Filarioidae পরিবারভুক্ত গোলকৃমি দ্বারা সংঘটিত হয়।
- এরা লসিকা নালী ও গ্রন্থিতে বাসা বাঁধে এবং লসিকা প্রবাহ বাধাঘু করে। ফলে শরীরের আক্রান্ত অংশে লসিকা জমে গিয়ে ফুলে যায়।
- মাইক্রোফাইলেরিয়া গুলো রক্তে ভেসে চলে।

Ans : A.

৯২. শুক্রানুর কোন্ অংশে মাইটোকন্ড্রিয়া থাকে?

- A. মস্তক B. গ্রীবা
C. অ্যাক্রোসোম D. লেজ

ব্যাখ্যা : শুক্রানুর গঠন : ৪টি প্রধান অংশ

মস্তক	➤ ক্ষীতকায়, কোণাকৃতি বা লেপের মত। ➤ অ্যাক্রোসোমের এনজাইম ডিম্বাণুর ঝিল্লি ভেদ করে (প্রোটিন ও লাইটিক এনজাইম)। ➤ মাথার বেশির ভাগ অংশই নিউক্লিয়াস
গ্রীবা	পরস্পরের সাথে সমকোণে ২টি সেন্ট্রিওল থাকে।
মধ্য খন্ড	➤ সাইটোপ্রাজম, মাইটোকন্ড্রিয়া এবং অক্ষীয় সূত্রে গঠিত। ➤ মাইটোকন্ড্রিয়া ফ্লাজেলাম সঞ্চালনের জন্য শক্তির যোগান দেয়। ➤ পশ্চাৎ অংশ গাড় রিং এর মতো (রিং সেন্ট্রিওল)। ➤ সমগ্র মজ্জা মাইটোকন্ড্রিয়া আবরণে বেষ্টিত।
লেজ/ ফ্লাজেলাম	➤ দীর্ঘতম অংশ ➤ এক অংশ স্থূল আবরণে আবৃত ➤ অন্য অংশ অনাবৃত ➤ যথাক্রমে মূলখন্ড ও শেষ খন্ড বলা হয় ➤ ফ্লাজেলাম শুক্রাণুকে গতিশীল করে নিষেকের উদ্দেশ্যে ডিম্বাণুর কাছে পৌছাতে ভূমিকা পালন করে।

Ans : D.

৯৩. ডেনড্রাইটে কোন্ অঙ্গানু পাওয়া যায় না?

- A. অমসৃণ ER B. রাইবোসোম
C. নিউরোফিলামেন্ট D. সবগুলো

ব্যাখ্যা : নিউরন : স্নায়ুতন্ত্রের গঠনগত ও কার্যগত একক।

• ৩টি অংশ :

- সোমা : অমসৃণ ER, মুক্ত রাইবোসোম, গলগি বস্তুর ও অসংখ্য মাইটোকন্ড্রিয়া সমৃদ্ধ। নিউরোফাইব্রিল ও নিসল দানা থাকে।
- অ্যাক্সন : নিউরোলেমা নামক আবরণে আবৃত।
- ডেনড্রাইট : সোমা বা কোষ দেহের সাথে একত্রিত হয়ে, গ্রে ম্যাটার এবং অ্যাক্সন ও ডেনড্রাইট একত্রিত হয়ে হোয়াইট ম্যাটার সৃষ্টি করে।

Ans : D.

৯৪. ইনফ্লুয়েঞ্জা ও হেপাটাইটিস A ভ্যাক্সিন কোন্ ধরনের ভ্যাক্সিন?

- A. টক্সোয়েড B. নিক্রিয় C. সাব ইউনিট D. কনজুগেট

ব্যাখ্যা : বিস্তারিত : RU ইউনিট G1 (2017-18) এর (২) নং দেখ।

Ans : B.

৯৫. ড্রসোফিলা মাছির লুণ্ঠপ্রায় ডানা সৃষ্টিকারী জিনটি নিম্নের কোন্ ধরনের?

- A. সেমিলিথাল জিন B. সাবলিথাল জিন
C. সাবভাইটাল জিন D. পরিপূরক জিন

ব্যাখ্যা : ড্রসোফিলা মাছির লুণ্ঠপ্রায় ডানা সৃষ্টিকারী জিনটি হলো- সাবভাইটাল জিন

Ans : C.

৯৬. সমুদ্রের কলম বলা হয় কাকে?

- A. *Convolvata* B. *Porpita sp.*
C. *Adamsia palliata* D. *Pennatula sulcata*

ব্যাখ্যা : Cnidaria পর্বের প্রাণীদের "সমুদ্রের ফুল", "সমুদ্র পালক", "সমুদ্র কলম" (*Pennatula sulcata*) নামে অভিহিত করা হয়।

- প্রবাল ও প্রবাল প্রাচীর গঠনকারী প্রাণীরা এই পর্বের সদস্য।
- প্রবাল প্রাচীরগুলোতে বাস করে সামুদ্রিক প্রজাতির ২৫% জীব। এরা সমুদ্রের "Rain forest" নামে অভিহিত।

Ans : D.

৯৭. চিৎড়ির সাঁতারের পা-কে বলা হয়-

- A. প্লিওপোড B. রোস্ট্রাম C. পিরিওপোড D. ইউরোপোড

ব্যাখ্যা : চিৎড়ির সনাক্তকারী বৈশিষ্ট্য :

- দেহ লম্বা, দ্বিপার্শ্বীয় প্রতিসম, ২টি অংশে বিভক্ত- শিরোবক্ষ ও উদর।
- শিরোবক্ষ অখন্ডিত, শক্ত ও ক্যারাপেস দিয়ে আবৃত। ক্যারাপেসের অগ্রভাগে করাতের মতো রোস্ট্রাম আছে।
- ৫ জোড়া পিরিও পোড (হাঁটিয়ে পা) ও ৬ জোড়া প্লিওপোড (সাঁতারে পা) আছে।

Ans : A.

৯৮. Serous fluid দেহের কোন অংশ হতে নিঃসৃত হয়?

- A. হৃৎপিণ্ড B. ফুসফুস
C. মূত্রাশয় D. অগ্নাশয়

ব্যাখ্যা : ফুসফুস :

- > মানুষের ফুসফুস বক্ষ গহবরে ডায়াফ্রামের উপরে হৃৎপিণ্ডের 5 পাশে অবস্থিত হালকা লাল রংয়ের কোণাকার অঙ্গ।
- > ডান ও বাম দুটি ফুসফুস।
- > ডান ফুসফুস তিন খন্ডবিশিষ্ট এবং বাম ফুসফুস দুই খন্ডবিশিষ্ট।
- > ডান ফুসফুসে ১০টি এবং বাম ফুসফুসে ৮টি লোবিউল থাকে।
- > পুরায় আবৃত, পুরার দুটি স্তর- (i) বাইরে প্যারাইটাল স্তর (ii) ভেতরে ভিসেরাল স্তর
- > স্তর দুটির মাঝে সেরাস ফ্লুইড থাকে, যা ফুসফুসকে ঘর্ষণজনিত আঘাত হতে রক্ষা করে।

Ans : B.

৯৯. 'History of animals' বইটির লেখক কে?

- A. ল্যামার্ক B. ডারউইন
C. অ্যারিস্টটল D. লিনিয়াস

ব্যাখ্যা :

লেখক	বইয়ের নাম
Theophrastus	Historia plantarum
Otto Brunfels	Herbarium Vivae eicones
Andrea Caesalpino	De plantis
Jean Bauluin	Historia Plantarum universalis
Carolus linnaeus	i) Species plantarum ii) Genera plantarum iii) Systema nature
George Bentham Joseph Dalton Hooker	Genera Plantarum
Charles Darwin	On the origin of species by means of natural selection
Armen Takhtajan	Diversity and classification of flowering plants
Aristotle	Historia animalium
Andreas Vesalius	Fabrics of Human body
Robert Hooke	Micrographia

Ans : C.

১০০. করোনারি হার্ট ডিজিজ এর আওতাভুক্ত রোগ নয় কোনটি?

- A. এনজাইনা পেকটোরিস B. পেপিলিওডিমা
C. মায়োকার্ডিয়াল ইনফার্কশন D. আনস্টেবল এনজাইনা

ব্যাখ্যা : করোনারি হার্ট ডিজিজ গুলো হলো :

- > অ্যানজাইনা/হৃদশূল (অ্যানজাইনা পেকটোরিস, আনস্টেবল এনজাইনা)
- > হার্ট অ্যাটাক/মায়োকার্ডিয়াল ইনফার্কশন
- > হার্ট ফেইলিউর

Ans : B.

১০১. বাক্য দুটি উত্তরপত্রের যথাস্থানে লিখ- বাংলা: কৃষিই আমাদের বেঁচে থাকার প্রাথমিক অবলম্বন। ইংরেজী : Agriculture is the Primary means to survive out life.

রাজশাহী বিশ্ববিদ্যালয় (H Unit)

শিক্ষাবর্ষ : 2017-2018 [Set-1]

[বি: দ্র: প্রশ্নপত্রের নির্ধারিত স্থানে রোল নং লিখা ও ৭১ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। ১-৬০ নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১.৫ এবং ৬১-৭০নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১]

১. এক কুলম্ব চার্জে কতগুলো ইলেকট্রনের চার্জ থাকবে?

- A. একটি ইলেকট্রনের B. 6.25×10^{18} ইলেকট্রনের
C. 1.6×10^{19} ইলেকট্রনের D. 6.25×10^{-19} ইলেকট্রনের

ব্যাখ্যা : 1.6×10^{19} ইলেকট্রনের চার্জ = 1 কুলম্ব।

$$\therefore 1 \text{ কুলম্ব} = \frac{1}{1.6 \times 10^{-19}} = 6.25 \times 10^{18} \text{ টি ইলেকট্রন।}$$

Ans : B.

২. পর্যায় সারণীতে কতটি p-ব্লক মৌল আছে?

- A. 14 B. 36 C. 41 D. 27

ব্যাখ্যা : পর্যায় সারণির বিভিন্ন ব্লকের মৌল সংখ্যা-

- > s ব্লক : ১৪ টি
- > p ব্লক : ৩৬ টি
- > d ব্লক : ৪১ টি
- > f ব্লক : ২৭ টি

Ans : B.

৩. $\int_1^{\sqrt{e}} x \ln x dx$ এর মান কত?

- A. 4 B. $\frac{1}{4}$ C. 2 D. $\frac{1}{2}$

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } \int_1^{\sqrt{e}} x \ln x dx &= \left[\ln x \cdot \frac{x^2}{2} \right]_1^{\sqrt{e}} - \int_1^{\sqrt{e}} \frac{1}{x} \cdot \frac{x^2}{2} dx \\ &= \frac{e}{4} - \left[\frac{1}{4} x^2 \right]_1^{\sqrt{e}} = \frac{e}{4} - \frac{e}{4} + \frac{1}{4} = \frac{1}{4} \end{aligned}$$

Ans : B.

৪. একটি বৃত্তকে একটি সরলরেখা সর্বোচ্চ দুইটি ভাগে ভাগ করতে পারে। অনুরূপভাবে একটি বৃত্তকে দুইটি সরলরেখা সর্বোচ্চ চারটি এবং তিনটি সরলরেখা সর্বোচ্চ সাতটি ভাগে ভাগ করতে পারে। তাহলে একটি বৃত্তকে চারটি সরলরেখা সর্বোচ্চ কতটি ভাগে ভাগ করতে পারবে?

- A. 9 টি B. 11 টি
C. 14 টি D. 15 টি

ব্যাখ্যা : টেকনিক: n সংখ্যক রেখা দ্বারা ১টি বৃত্তকে ভাগ করলে,

$$\text{সর্বোচ্চ ভাগ সংখ্যা} = \frac{1}{2}(n^2 + n + 2)$$

$$\therefore n = 4 \text{ হলে ভাগ সংখ্যা} = \frac{1}{2}(4^2 + 4 + 2) = 11$$

Ans : B.

৫. 0.1 লিটার পরিমাণ 0.2 মোলার HCl দ্রবণকে প্রশমিত করতে কত গ্রাম KOH প্রয়োজন হবে?

- A. 1.12 g B. 11.2 g C. 56 g D. 28 g

$$\text{ব্যাখ্যা : } \frac{W}{M} = V_1 S_1 \Rightarrow W = 0.1 \times 0.2 \times 56 = 1.12g$$

Ans : A.

৬. প্রথম বর্ষের বিজ্ঞানের মোট 120 জন ছাত্রের মধ্যে 85 জন গণিত, 90 জন পদার্থবিজ্ঞান ও 62 জন গণিত ও পদার্থবিজ্ঞান উভয় বিষয়ই নিয়েছে। কতজন ছাত্র গণিত অথবা পদার্থবিজ্ঞান বিষয় দুটির কোনটিই নেয়নি?
A. 4 B. 7 C. 10 D. 13

ব্যাখ্যা : $n(m \cup p)' = n(s) - n(m \cup p)$
 $= n(s) - \{n(m) + n(p) - n(m \cap p)\}$
 $= 120 - (85 + 90 - 62) = 7$

Ans : B.

৭. sp^3 সংকরায়িত যৌগ নয় কোনটি?
A. CH_4 B. H_2O C. NH_3 D. BF_3

ব্যাখ্যা :

সমগোত্রীয় শ্রেণি	সংকর	সংকরিত অরবিটাল সংখ্যা	% S বৈশিষ্ট্য	বন্ধনকোণ	আকৃতি	উদাহরণ
অ্যালকেন	sp^3	4	25%	109.5°	চতুস্তলকীয়	$CH_4, NH_3, PH_3, PCl_3, H_2O, H_2S, H_2O_2$, ইয়া, NH_4^+
অ্যালকিন	sp^2	3	33.3%	120°	সমতলীয় ত্রিকোণাকার	$BF_3, AlCl_3, SnCl_2, BCl_3, PbCl_2$, গ্রাফাইট
অ্যালকাইন	sp	2	50%	180°	সরলরৈখিক	$BeF_2, HgCl_2, BeCl_2$

Ans : D.

৮. $CO(g) + 2H_2(g) \rightleftharpoons CH_3OH(g)$ বিক্রিয়াটির ক্ষেত্রে $127^\circ C$ তাপমাত্রায় বেগ ধ্রুবকের মান $27^\circ C$ তাপমাত্রায় বেগ ধ্রুবকের মানের 10 গুণ হলে বিক্রিয়াটির সক্রিয়ন শক্তির মান কত?
A. 22.98 kJ/mol B. 63.13 kJ/mol
C. 100.13 kJ/mol D. 50.98 kJ/mol

ব্যাখ্যা : $\ln \frac{k_2}{k_1} = -\frac{E_a}{R} \left(\frac{1}{T_2} - \frac{1}{T_1} \right)$
 $\Rightarrow E_a = -\frac{R(\ln k_2/k_1)}{\left(\frac{1}{T_2} - \frac{1}{T_1} \right)} = \frac{8.314 \ln \frac{10}{1}}{\left(\frac{1}{400} - \frac{1}{300} \right)}$
 $= 22972.4 \text{ J/mol} = 22.98 \text{ kJ/mol}$

Ans : A.

৯. $\left(2x^2 + \frac{p}{x^3} \right)^{10}$ এর বিস্তৃতিতে x^5 এবং x^{15} এর সহগ দুটি পরস্পর সমান হলে p- এর ধনাত্মক মান কত?
A. $\frac{1}{3}$ B. 3 C. $\frac{1}{\sqrt{3}}$ D. $\sqrt{3}$

ব্যাখ্যা : $\left(2x^2 + \frac{p}{x^3} \right)^{10}$
এখানে, $r_1 = \frac{2 \times 10 - 5}{2 - (-3)} = 3$ $r_2 = \frac{2 \times 10 - 15}{2 - (-3)} = 1$
শর্তমতে, ${}^{10}C_3 \cdot 2^{10-3} \cdot p^3 = {}^{10}C_1 \cdot 2^{10-1} \cdot p^1$
 $\Rightarrow 120 \times 2^7 \times p^3 = 10 \times 2^9 \Rightarrow p^2 = \frac{1}{3}$

$\therefore p = \pm \frac{1}{\sqrt{3}}$

Ans : C.

১০. একটি আদর্শ ব্যাটারির অভ্যন্তরীণ রোধ কত ওহম?
A. অসীম B. -অসীম C. শূন্য D. কোনটিই নয়

ব্যাখ্যা : একটি আদর্শ ব্যাটারির অভ্যন্তরীণ রোধ শূন্য ওহম।

Ans : C.

১১. $\nabla \times \vec{A} = 0$ হলে \vec{A} হল-
A. Solenoidal B. Irrotational
C. Curl D. Laplacian

ব্যাখ্যা : • যদি কোন ভেক্টর রাশির কার্ল (Curl) অশূন্য হয় তবে সেটা rotational অর্থাৎ $\nabla \times \vec{A} \neq 0$

• যদি কোন ভেক্টরের কার্ল (Curl) শূন্য হয়, তবে সেটা irrotational অর্থাৎ $\nabla \times \vec{A} = 0$

Ans : B.

১২. গলিত কাঁচে আবদ্ধ গ্যাস বুদবুদ দূরীকরণে নিচের কোনগুলো ব্যবহৃত হয়?
A. $Cu_2O, NaNO_3, BaCO_3$
B. $NaNO_3, Al_2O_3, NH_4Cl$
C. $Al_2O_3, Fe_2O_3, H_3BO_3$
D. $NH_4Cl, FeO, Na_2B_4O_7$

ব্যাখ্যা : গলিত গ্যাসের বুদবুদ দূরীকরণে $NaNO_3, Al_2O_3$ এবং NH_4Cl ব্যবহৃত হয়।

Ans : B.

১৩. একটি আলোকরশ্মি 60° কোণের একটি কাঁচের প্রেটে আপতিত হলো। যদি প্রতিফলিত ও প্রতিসরিত রশ্মি একে অপরের উপর লম্ব হয় তবে কাঁচের প্রতিসরাঙ্ক কত হবে?
A. $\sqrt{3}$ B. $3/2$ C. $\sqrt{3}/2$ D. $1/2$

ব্যাখ্যা : আপতন কোণ, $i = 60^\circ$ হলে প্রতিসরণ কোণ, $r = 30^\circ$

\therefore কাঁচের প্রতিসরাঙ্ক, $\mu = \frac{\sin i}{\sin r} = \frac{\sin 60^\circ}{\sin 30^\circ} = \sqrt{3}$

Ans : A.

১৪. 1 atm (চাপ) সমান কত N/m^2 ?
A. 1 B. $\sim 1.014 \times 10^5$
C. 1.013548×10^{-5} D. 1013548

ব্যাখ্যা : $1 \text{ atm} = 101325 \text{ Nm}^{-2} \approx 1.014 \times 10^5 \text{ Nm}^{-2}$

Ans : B.

১৫. A ও B দুটি 3×3 ক্রমের ম্যাট্রিক্স হলে $|A - B| = 0$ এর সমার্থক-
A. $A = 0$ বা $B = 0$ B. $A = 0$ এবং $B = 0$
C. $|A| = 0$ বা $|B| = 0$ D. $|A| = 0$ এবং $|B| = 0$

Ans : D.

১৬. একটি আদর্শ গ্যাসের তাপমাত্রা T হতে বৃদ্ধি করে 2T করা হলে কোন রাশিটি দ্বিগুণ হবে?
A. অণুগুলির গড় বর্গবেগের বর্গমূল
B. অণুগুলির গড় বেগের বর্গ
C. অণুগুলির গতিশক্তি
D. অণুগুলির গড় বর্গবেগ

ব্যাখ্যা : গ্যাসের অণুসমূহের গতিশক্তি, $K = \frac{3}{2} nRT$

অর্থাৎ গতিশক্তি পরম তাপমাত্রার সমানুপাতিক, $K \propto T$

\therefore তাপমাত্রা দ্বিগুণ করলে গতিশক্তিও দ্বিগুণ হবে।

Ans : C.

১৭. সানক্রিন লোশনে ZnO ন্যানোকণা ব্যবহারের কারণ-

- A. সুগন্ধ বাড়াতে B. ত্বকে UV রশ্মির প্রবেশ প্রতিহত করতে
C. ত্বক মসৃণ করতে D. ত্বকের উজ্জ্বলতা বাড়াতে

ব্যাখ্যা : সানক্রিনের বিভিন্ন উপাদানের কাজ-

উপাদান	কাজ
ট্যালকম	কভারিং এজেন্ট, কোমলতা বৃদ্ধি
জিংক অক্সাইড	সূর্যের ক্ষতিকর রশ্মি হতে ত্বককে রক্ষা
ম্যাগনেসিয়াম কার্বনেট	ঘাম শোষণ করে।

Ans : B.

১৮. একটি খুব লম্বা তারের মধ্যে 'i' তড়িৎ প্রবাহিত হচ্ছে। তারের কেন্দ্র থেকে 'r' দূরত্বে B = 0.2 টেসলা হলে '2r' দূরত্বে B কত হবে?

- A. 0.25 টেসলা B. 0.0625 টেসলা
C. 0.125 টেসলা D. 'i' ও 'r' এর মান ছাড়া বলা যাবে না

ব্যাখ্যা: $B = \frac{\mu_0 I}{2\pi r}$

$\therefore \frac{B_1}{B_2} = \frac{r_2}{r_1} \Rightarrow B_2 = \frac{r_1}{r_2} \times B_1 = \frac{r}{2r} B_1 = 0.5 \times 0.2 = 0.1$ টি

Ans : C.

১৯. 36Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের একটি সার্ট যুক্ত করলে মোট তড়িৎ প্রবাহ মাত্রার 10% গ্যালভানোমিটারের মধ্য দিয়ে প্রবাহিত হবে?

- A. 1Ω B. 2Ω C. 4Ω D. 3.6Ω

ব্যাখ্যা: $\frac{i_g}{i} = \frac{S}{S+G} \Rightarrow \frac{1}{10} = \frac{S}{S+36}$

$\Rightarrow 10S = S + 36 \Rightarrow S = \frac{36}{9} = 4\Omega$

Ans : C.

২০. একটি ঘড়ির ঘন্টার কাঁটার দৈর্ঘ্য 2 cm। যদি ঘড়ির সেকেন্ডের কাঁটার দৈর্ঘ্য 3 cm হয়, তবে সেকেন্ড ও ঘন্টার কাঁটার প্রান্তের রৈখিক বেগের অনুপাত কত হবে?

- A. 5/2 B. 1/2 C. 2/3 D. 3/2

ব্যাখ্যা : রৈখিক বেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক: $v = \omega r = \frac{2\pi}{T} r$

ঘন্টার কাঁটার প্রান্তিক/রৈখিক বেগ, $v_1 = \frac{2\pi}{12 \times 60} \times 2 \times 10^{-2}$

সেকেন্ডের কাঁটার প্রান্তিক/রৈখিক বেগ, $v_2 = \frac{2\pi}{60} \times 3 \times 10^{-2}$

$\frac{v_2}{v_1} = \frac{\frac{2\pi}{60} \times 3 \times 10^{-2}}{\frac{2\pi}{43200} \times 2 \times 10^{-2}} = 1080$ (এটা সঠিক উত্তর)।

• এখানে ঘন্টার কাঁটার ক্ষেত্রে, $r = 2\text{cm} = 2 \times 10^{-2}\text{m}$
সেকেন্ডের কাঁটার ক্ষেত্রে, $r_2 = 3\text{cm} = 3 \times 10^{-2}\text{m}$

যদি পর্যায় কালের কথা বাদ দিই বা ধ্রুবক চিন্তা করি, $v \propto r$ হবে।

$\therefore \frac{v_2}{v_1} = \frac{r_2}{r_1} = \frac{3}{2}$

Ans : D.

২১. একটি কার্নো ইঞ্জিনের উৎস তাপমাত্রা 500°K। উৎস থেকে 1000 জুল তাপ গ্রহণ করে দুইটি সিলে যথাক্রমে 200 জুল ও 50 জুল তাপ বর্জন করে। ইঞ্জিনটির কর্মদক্ষতা কত?

- A. 75% B. 80% C. 95% D. কোনটিই নয়

ব্যাখ্যা : কার্নো ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$
 $= \left(1 - \frac{250}{1000}\right) \times 100\% = 75\%$

Ans : A.

২২. x- এর কোন মানের জন্য $(x^2 - 1)(x - 2) > 0$?

- A. $s = \{x : x < -1, 1 < x < 2\}$
B. $s = \{x : -1 < x < 1, x > 2\}$
C. $s = \{x : -1 < x < 2\}$
D. $s = \{x : x < 1, x > 2\}$

ব্যাখ্যা : $(x^2 - 1)(x - 2) > 0 \Rightarrow (x + 1)(x - 1)(x - 2) > 0$
 $\therefore -1 < x < 1$ অথবা $x > 2$


Ans : B.

২৩. একটি নৌকা লগি দিয়ে গতিশীল করতে হলে নিচের কোন রাশি নৌকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে?

- A. লগি কর্তৃক প্রযুক্ত বলের উল্লম্ব উপাংশ
B. প্রতিক্রিয়া বলের উল্লম্ব উপাংশ
C. লগি কর্তৃক প্রযুক্ত বলের আনুভূমিক উপাংশ
D. প্রতিক্রিয়া বলের আনুভূমিক উপাংশ

ব্যাখ্যা : চিত্র হতে দেখা যাচ্ছে যে,

লগিতে প্রযুক্ত বলের প্রতিক্রিয়া বলের উল্লম্ব উপাংশের বল নৌকা চালাতে কাজে আসে না এবং প্রতিক্রিয়া বলের আনুভূমিক উপাংশের দরুণ নৌকাটি সামনে আসবে।



Ans : D.

২৪. একটি গতিশীল বস্তুর বেগ বনাম সময়ের লেখচিত্র একটি সরলরেখা। রেখাটির ঢাল কি হবে?

- A. সরণ B. ভরবেগ C. ত্বরণ D. কোনটিই নয়

ব্যাখ্যা : $v = at$ যা $y = mx$ সরলরেখা সমর্থন করে। অর্থাৎ বেগ বনাম সময়ের লেখচিত্র একটি মূলবিন্দুগামী সরলরেখা, যার ঢাল হলো বস্তুর ত্বরণ।

Ans : C.

২৫. 10টি বস্তুর মধ্যে 5টি বস্তু নিয়ে কতগুলি বিন্যাস গঠন করা যাবে যার মধ্যে 2টি বস্তু সর্বদা অন্তর্ভুক্ত থাকবে?

- A. 720 B. 620 C. 7620 D. 6720

ব্যাখ্যা : টেকনিক : কতগুলো বস্তু বা বর্ণ সর্বদাই অন্তর্ভুক্ত থাকবে এরূপ ক্ষেত্রে প্রথমে যে বর্ণগুলো সর্বদাই থাকবে ব্যতীত বাকি যতটি বর্ণ বা বস্তু প্রয়োজন সেগুলো বাছাই করতে হবে। এরপর মোট বিন্যাস সংখ্যা দিয়ে গুণ করতে হবে। অর্থাৎ বিন্যাস সংখ্যা = ${}^{n-m}C_{r-m} \times r!$, এখানে n মোট বস্তু সংখ্যা, r হলো যতগুলো নিয়ে বিন্যাস করতে হবে এবং m সর্বদাই অন্তর্ভুক্ত বস্তু সংখ্যা।

\therefore মোট বিন্যাস যাতে 2টি সর্বদা অন্তর্ভুক্ত থাকবে = ${}^8C_3 \times 5! = 6720$

Ans : D.

২৬. একটি আদর্শ ট্রান্সফর্মার পরিবর্তন করে না-

- A. ক্ষমতা B. তড়িৎ প্রবাহ
C. ভোল্টেজ D. তড়িৎ প্রবাহ ও ভোল্টেজ

ব্যাখ্যা : $P = E_p I_p = E_s I_s$

অর্থাৎ আদর্শ ট্রান্সফর্মারে ক্ষমতা অপরিবর্তিত থাকে এবং তড়িৎপ্রবাহ, ভোল্টেজ পরিবর্তিত হয়।


Ans : A.

২৭. বেনজিন প্রস্তুতির সঠিক বিক্রিয়া কোনটি?

- A. $C_6H_5OH + Zn \rightarrow C_6H_6 + ZnO$
 B. $C_6H_5MgCl + H_2O \xrightarrow{EtOH} C_6H_6 + Mg(OH)Cl$
 C. $2C_2H_2 \xrightarrow{\Delta, Fe} C_6H_6$
 D. উপরের সবগুলোই


Ans : D.

২৮. বিক্রিয়াটির বিক্রিয়ক (R) এর নাম কি?



- A. অ্যানিলিন
 B. বেনজিন ডাইজেনিয়াম লবণ
 C. বেনজালডিহাইড
 D. কিউমিন হাইড্রো পারঅক্সাইড

ব্যাখ্যা :



Ans : D.

২৯. $\cos y = \frac{1-t^2}{1+t^2}$ এবং $\sin x = \frac{2t}{1+t^2}$ হলে $\frac{dy}{dx}$ এর মান কত?

- A. $\frac{2t}{1+t^2}$ B. 1 C. $\frac{2t(1-t^2)}{(1+t^2)^2}$ D. 0

ব্যাখ্যা : $\cos y = \frac{1-t^2}{1+t^2} \Rightarrow y = \cos^{-1} \frac{1-t^2}{1+t^2} = 2 \tan^{-1} t$
 $\sin x = \frac{2t}{1+t^2} \Rightarrow x = \sin^{-1} \frac{2t}{1+t^2} = 2 \tan^{-1} t$
 $\therefore \frac{dy}{dx} = \frac{d(2 \tan^{-1} t)}{d(2 \tan^{-1} t)} = 1$

Ans : B.

৩০. $NiSO_4$ দ্রবণে প্রাটিনাম তড়িৎঘার ব্যবহার করে 7 অ্যাম্পিয়ার শক্তির বিদ্যুৎ 50 মিনিট যাবৎ চালনা করলে ক্যাথোডে কি পরিমাণ নিকেল জমা হবে? [Ni = 58.7]

- A. 8.38 g B. 6.38 g C. 4.56 g D. 10.38 g

ব্যাখ্যা : $Ni^{2+} + 2e \rightarrow Ni$
 $2 \times 96500c \equiv 58.7 \text{ g Ni}$
 $\therefore 7 \times 50 \times 60c \equiv \frac{58.7 \times 7 \times 50 \times 60}{2 \times 96500} \text{ g Ni} = 6.387 \text{ g Ni}$

Ans : B.

৩১. একটি দ্রবণের pOH = 12 ও অপর দ্রবণের pOH = 10, কোনটি বেশি অম্লীয় এবং কতগুণ?

- A. প্রথমটি ও 100 গুণ B. দ্বিতীয়টি ও 100 গুণ
 C. প্রথমটি ও 1/100 গুণ D. দ্বিতীয়টি ও 10 গুণ

ব্যাখ্যা : $\frac{[H_1]}{[H_2]} = \frac{10^{-(14-pOH_1)}}{10^{-(14-pOH_2)}} = \frac{10^4}{10^2}$
 $\frac{[H_1]}{[H_2]} = \frac{100}{1} \Rightarrow [H_1] = 100 [H_2]$

Ans : A.

৩২. (0, 9) বিন্দুটি (1, -4) কেন্দ্র ও 6 ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের-

- A. অন্তঃস্থ B. বহিঃস্থ C. উপরিঃস্থ D. কোনটিই নয়

ব্যাখ্যা : দূরত্ব = $\sqrt{(0-1)^2 + (9+4)^2} = \sqrt{170} > 6$
 অর্থাৎ বৃত্তের বাইরে অবস্থিত।

Ans : B.

৩৩. কোন বৈদ্যুতিক সরবরাহ লাইন 220V-10A সরবরাহ করে। এই সরবরাহ লাইনে কতগুলি 40W এর বৈদ্যুতিক বাতি সমান্তরাল সংযোগে পূর্ণ উজ্জ্বলতায় জ্বালানো যাবে?

- A. 5 টি B. 50 টি C. 55 টি D. 22 টি

ব্যাখ্যা : মোট ক্ষমতা, $P = VI = 220 \times 10 = 2200W$

\therefore বাতির সংখ্যা, $n = \frac{2200}{40} = 55$ টি

Ans : C.

৩৪. $f(x) = x^2 + 3$ এবং $g(x) = \sqrt{x}$ হলে, $f(g(x)) = ?$

- A. $2x + 3, x < 0$ B. $x^2 + 1$
 C. $3 + 9x$ D. $x + 3, x > 0$

ব্যাখ্যা : $f(g(x)) = f(\sqrt{x}) = x + 3$

Ans : D.

৩৫. কোনটির প্রমাণ বিজারণ বিভব সবচেয়ে বেশি-

- A. Ca B. Mg C. Zn D. Pb

ব্যাখ্যা : স্বতন্ত্র বিক্রিয়ার শর্ত-

অ্যানোডের জারণ বিভব > ক্যাথোডের জারণ বিভব।

ক্যাথোডের বিজারণ বিভব > অ্যানোডের বিজারণ বিভব।

তড়িৎ ঘার	বিক্রিয়া	বিজারণ বিভব (v)
Li ⁺ /Li	Li ⁺ (aq) + e → Li(s)	- 3.04
K ⁺ /K	K ⁺ (aq) + e → K(s)	- 2.94
Ca ²⁺ /Ca	Ca ²⁺ (aq) + 2e → Ca(s)	- 2.87
Na ⁺ /Na	Na ⁺ (aq) + e → Na(s)	- 2.71
Mg ²⁺ /Mg	Mg ²⁺ (aq) + 2e → Mg(s)	- 2.36
Al ³⁺ /Al	Al ³⁺ (aq) + 3e → Al(s)	- 1.66
Zn ²⁺ /Zn	Zn ²⁺ (aq) + 2e → Zn(s)	- 0.76
Fe ²⁺ /Fe	Fe ²⁺ (aq) + 2e → Fe(s)	- 0.44
Cd ²⁺ /Cd	Cd ²⁺ (aq) + 2e → Cd(s)	- 0.40
Co ²⁺ /Co	Co ²⁺ (aq) + 2e → Co(s)	- 0.28
Ni ²⁺ /Ni	Ni ²⁺ (aq) + 2e → Ni(s)	- 0.25
Sn ²⁺ /Sn	Sn ²⁺ (aq) + 2e → Sn(s)	- 0.14
Pb ²⁺ /Pb	Pb ²⁺ (aq) + 2e → Pb(s)	- 0.13
Cu ²⁺ /Cu	Cu ²⁺ (aq) + 2e → Cu(s)	+ 0.34
Hg ²⁺ /Hg	Hg ²⁺ (aq) + 2e → Hg(s)	+ 0.79
Ag ⁺ /Ag	Ag ⁺ (aq) + e → Ag(s)	+ 0.80
Cl ⁻ /Cl ₂ (g)	Cl ₂ (g) + 2e → 2Cl ⁻	+ 1.36
Au ³⁺ /Au	Au ³⁺ (aq) + 3e → Au(s)	+ 1.36

Ans : D.

৩৬. এক ইঞ্চি সমান?

- A. 2.54×10^4 মাইক্রন B. 2.54×10^5 মাইক্রন
 C. 2.54×10^{-4} cm D. কোনটিই নয়

ব্যাখ্যা : 1 inch = 2.54 cm = 2.54×10^{-2} m
 $= 2.54 \times 10^{-2} \times 10^6$ মাইক্রন [1 m = 10^6 μm]
 $= 2.54 \times 10^4$ মাইক্রন

Ans : A.

৩৭. জলবিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে নিচের কোনটি ব্যবহার করা হয়?

- A. পানির বিভব শক্তি B. পানির স্থিতি শক্তি
C. পানির সান্দ্রতা D. পানির পৃষ্ঠটান

ব্যাখ্যা : জলবিদ্যুৎ উৎপাদনে পানির বিভব শক্তি ব্যবহৃত হয়।

Ans : A.

৩৮. কাগজের উপর 1 ফোঁটা ঘন H_2SO_4 ফেললে কয়েক সেকেন্ডের মধ্যে একটা কালো বলয় সহ ছিদ্র হয়ে যায়। এর জন্য H_2SO_4 এর কোন ধর্ম দায়ী?

- A. নিরুদক ধর্ম B. জারণ ধর্ম
C. ক্ষয়কারক ধর্ম D. নিরুদক ও জারণ ধর্ম

ব্যাখ্যা : H_2SO_4 এর নিরুদক ধর্মের জন্য কাগজের পানি শোষিত হয় তাই কাগজে ছিদ্র সৃষ্টি হয়।

Ans : A.

৩৯. দুইটি ভিন্ন প্রস্থচ্ছেদের তারের ইয়ং-এর স্থিতিস্থাপক গুণকে একই তার দুইটি-

- A. ভিন্ন দৈর্ঘ্যের B. ভিন্ন উপাদানের
C. একই উপাদানের D. যে কোনটি হতে পারে

ব্যাখ্যা : ইয়ং এর গুণক, $Y = \frac{mgL}{\pi r^2 l} = \frac{F/A}{l/L}$

অর্থাৎ, ইয়ং এর গুণক তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, দৈর্ঘ্য, উপাদানের উপর নির্ভরশীল।



একই Y এবং ভিন্ন প্রস্থচ্ছেদের জন্য দৈর্ঘ্য ভিন্ন হতে পারে বা ভিন্ন উপাদান হতে পারে অথবা একই উপাদানের ভিন্ন দৈর্ঘ্যের ও হতে পারে।

Ans : D.

৪০. নিচের কোনটি হ্যালোফরম বিক্রিয়া দেয় না?

- A. CH_3CH_2OH B. C_6H_5CHO
C. CH_3CHO D. CH_3COCH_3

ব্যাখ্যা : মনে রাখার উপায় : যে সকল যৌগে CH_3-CO মূলক থাকে তারা হ্যালোফরম বিক্রিয়া দেয়।



আয়োডোফরম সোডিয়াম ফরমেট

Ans : B.

৪১. স্পেকট্রোফটোমিটারে নিচের কোন সম্পর্কটি সঠিক নহে?

- A. $A = \log(I_0/I)$ B. $A = \epsilon c l$
C. $\%T = (I/I_0) \times 100$ D. $\log T = A$

Ans : C.

৪২. বাংলাদেশে বর্তমানে প্রতিদিন কি পরিমাণ ই-বর্জ্য প্রস্তুত হয়?

- A. 500 টন B. 50 টন
C. 1000 টন D. 365×1000 টন

Ans : C.

৪৩. সৈন্যদের ব্রিজের উপর দিয়ে মার্চ না করে অনিয়মিতভাবে পা ফেলতে বলা হয়। কারণ যেন-

- A. বিট সৃষ্টি না হয় B. ডপলার প্রভাব না হয়
C. আড় কম্পন না হয় D. অনুনাদ সৃষ্টি না হয়

Ans : D.

৪৪. নিম্নের কোন প্রক্রিয়ার মাধ্যমে চিনিশিল্পে আখের রসকে গাঢ় করা হয়?

- A. নিম্নচাপ পাতন B. বাষ্পপাতন
C. নিম্নচাপে উর্ধ্বপাতন D. সাধারণ পাতন

Ans : D.

৪৫. সান্দ্রতা কিসের সাথে তুলনীয়?

- A. বল B. কাজ C. ত্বরণ D. ঘর্ষণ

ব্যাখ্যা : সান্দ্রতা : যে ধর্মের ফলে তরল পদার্থ তার বিভিন্ন স্তরের আপেক্ষিক গতির বিরোধিতা করে তাকে তরলের সান্দ্রতা বলে। সান্দ্রতাকে ঘর্ষণের সাথে তুলনা করা যায়।


Ans : D.

৪৬. AB ও DE দুইটি সমান্তরাল রেখা এবং C তাদের মাঝের একটি বিন্দু।

যদি $\angle BAC = 30^\circ$, $\angle CDE = 50^\circ$ হয়, তবে $\angle ACD = ?$

- A. 90° B. 70° C. 80° D. কোনটিই নয়

ব্যাখ্যা :



$$\angle ACD = 180^\circ - \angle ACB = 180^\circ - (180^\circ - 30^\circ - 50^\circ) = 80^\circ$$

Ans : C.

৪৭. কোণ 90° থেকে বেড়ে 180° হলে -(i) $\cos\theta$ এর মান 0 থেকে কমে -1 হবে, (ii) $\sin\theta$ এর মান 1 থেকে কমে 0 হবে, (iii) $\cot\theta$ এর মান 0 থেকে বাড়তে থাকবে। নিচের কোনটি সত্য?

- A. i, ii B. i, iii C. ii, iii D. i, ii, iii

Ans : A.

৪৮. উপবৃত্তের প্রধান অক্ষ দুটিকে x ও y অক্ষ বিবেচনা করে $(0, \pm 4)$

উপকেন্দ্র এবং $\frac{4}{5}$ উৎকেন্দ্রিকতা বিশিষ্ট উপবৃত্তের সমীকরণ কোনটি?

- A. $\frac{x^2}{25} + \frac{y^2}{16} = 1$ B. $\frac{x^2}{25} + \frac{y^2}{9} = 1$
C. $\frac{x^2}{9} + \frac{y^2}{25} = 1$ D. $\frac{x^2}{16} + \frac{y^2}{25} = 1$

ব্যাখ্যা : এখানে, $be = 4 \Rightarrow b \cdot \frac{4}{5} = 4 \Rightarrow b = 5$

$$e = \frac{4}{5} \Rightarrow 1 - \frac{a^2}{b^2} = \frac{16}{25} \Rightarrow \frac{a^2}{b^2} = \frac{9}{25} \Rightarrow \frac{a^2}{25} = \frac{9}{25} \Rightarrow a = 3$$

\therefore উপবৃত্তের সমীকরণ, $\frac{x^2}{9} + \frac{y^2}{25} = 1$

Ans : C.

৪৯. একটি সমান্তরাল পাত ধারককে আহিত করার পর ব্যাটারি থেকে বিযুক্ত করা হলো, যদি ধারকের পাত দুটি একটি অন্তরক হাতল দ্বারা দূরে সরানো হয়, তবে-

- A. ধারকের আধান বৃদ্ধি পাবে B. পাত দুটির বিভব পার্থক্য বৃদ্ধি পাবে
C. ধারকত্ব বৃদ্ধি পাবে D. ধারকে সঞ্চিত শক্তি হ্রাস পাবে

ব্যাখ্যা : ধারকত্ব, $C = \frac{\epsilon A}{d}$ অর্থাৎ দূরত্ব বাড়লে ধারকত্ব কমবে।

সঞ্চিত শক্তি $U = \frac{1}{2} CV^2$; যেহেতু C হ্রাস পাবে, সঞ্চিত শক্তিও হ্রাস পাবে।

Ans : D.

৫০. ব্রোমিন পানিতে ব্রোমিনের শতকরা ভাগ-

- A. 2.7 B. 7.2
C. 5.4 D. 3.2

Ans : D.

৫১. যদি ABC ত্রিভুজের তিন শীর্ষবিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে A(2, 7), B(-3, -2) ও C(8, -2) হয়, তবে A হতে BC বাহুর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য কত?

- A. $\frac{48}{5}$ B. 7 C. $\frac{44}{5}$ D. 9

ব্যাখ্যা : $\frac{1}{2} \times \text{লম্ব} \times BC = \Delta ABC$


$$\Rightarrow \frac{1}{2} \times \text{লম্ব} \times \sqrt{(8+3)^2 + 0^2} = \frac{1}{2} \begin{vmatrix} 2 & -3 & 8 & 2 \\ 7 & -2 & -2 & 7 \end{vmatrix}$$

$$\Rightarrow \text{লম্ব} = \frac{1}{11} \times |(-4 + 6 + 56) - (-21 - 16 - 4)| = 9$$

Ans : D.

৫২. $H_2 + Cl_2 \rightarrow 2HCl$, বিক্রিয়ার $K_C = 3.8 \times 10^{-3}$ হলে $250^\circ C$ তাপমাত্রায় K_p এর মান কত?

- A. 3.7×10^3 B. 3.8 C. 3.8×10^{-3} D. 38



$$\Delta n = 2 - (1 + 1) = 0$$

$$\therefore K_p = K_C (RT)^{\Delta n} \Rightarrow K_p = K_C$$

Ans : C.

৫৩. $5\sqrt{5}$ এর $\sqrt{5}\%$ = ?

- A. 0.05 B. 0.25 C. 0.5 D. 2.5

ব্যাখ্যা : $5\sqrt{5} \times \frac{\sqrt{5}}{100} = 0.25$

Ans : B.

৫৪. $(\sqrt{3}, 1)$ বিন্দু হতে $\sqrt{3}x - y + 8 = 0$ সরলরেখার উপর অঙ্কিত লম্ব x-অক্ষের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত?

- A. 150° B. 120° C. 90° D. 0°

ব্যাখ্যা : $\sqrt{3}x - y + 8 = 0$ রেখার ঢাল = $\sqrt{3}$

$$\therefore \text{লম্বরেখার ঢাল} = -\frac{1}{\sqrt{3}}$$

$$\therefore x \text{ অক্ষের সাথে উৎপন্ন কোণ, } \theta = \tan^{-1}\left(\frac{-1}{\sqrt{3}}\right) = 150^\circ$$

Ans : A.

৫৫. 2টি কৃষ্ণ বস্তুর নির্গত তাপশক্তির অনুপাত 16 : 1। দ্বিতীয় বস্তুর তাপমাত্রা $3000^\circ K$ হলে প্রথম বস্তুর তাপমাত্রা কত?

- A. $6000^\circ K$ B. $187.5^\circ K$
C. $8000^\circ K$ D. $1500^\circ K$

ব্যাখ্যা : $\frac{E_1}{E_2} = \frac{T_1^4}{T_2^4} \Rightarrow \frac{T_1^4}{T_2^4} = 16 \Rightarrow \frac{T_1}{T_2} = 2$

$$\therefore T_1 = 2 \times T_2 = 2 \times 3000 = 6000 K$$

Ans : A.

৫৬. একটা 4-ডেসিমেল ডিজিট ব্যালেন্স দ্বারা সর্বনিম্ন কত গ্রাম ওজন পরিমাপ করা যায়?

- A. 0.1 gm B. 0.01 gm
C. 0.001 gm D. 0.0001 gm

ব্যাখ্যা : ডিজিট ব্যালেন্স :

• 2- ডিজিট ব্যালেন্স :

- (i) এ ধরনের ব্যালেন্স ± 0.001 gm পর্যন্ত নির্ভুল ভাবে পরিমাপ করে।
(ii) সংশ্লেষণ কার্যকর্মে, বিকারক প্রস্তুতি, নিষ্কাশন প্রক্রিয়ায় ব্যবহার হয়।

• 4- ডিজিট ব্যালেন্স :

- (i) এ ধরনের ব্যালেন্সের সূক্ষ্মতা ± 0.0001 gm
(ii) মাইক্রো অ্যানালাইটিক্যাল পদ্ধতি, আয়তনিক বিশ্লেষণ ক্ষেত্রে ব্যবহার হয়।

Ans : D.

৫৭. সমাধান করঃ $\ln(x^4) = -1$

- A. $x = e^{-\frac{1}{4}}$ B. $x = 4e$
C. $x = 4\ln 4$ D. $x = e^{\frac{1}{4}}$

ব্যাখ্যা : $\ln(x^4) = -1 \Rightarrow 4\ln x = -1 \Rightarrow \ln x = -\frac{1}{4}$

$$\therefore x = e^{-\frac{1}{4}}$$

Ans : A.

৫৮. $z_1 = 1 + i$ এবং $z_2 = 1 - i$ হলে, $z_1 z_2$ এর মান কেমন হবে?

- A. বাস্তব সংখ্যা B. জটিল সংখ্যা
C. অবাস্তব সংখ্যা D. কাল্পনিক সংখ্যা

ব্যাখ্যা : $z_1 z_2 = (1 + i)(1 - i) = 1 - i^2 = 1 + 1 = 2 \in R$

Ans : A.

৫৯. অতিবেগুনী আলোর তরঙ্গ দৈর্ঘ্যের সীমা-

- A. 0.4 nm - 0.7 nm B. 4000 Å - 7000 Å
C. 4 μm - 7 μm D. কোনটিই নয়

ব্যাখ্যা : বিভিন্ন রশ্মির তরঙ্গদৈর্ঘ্য-

রশ্মির নাম	তরঙ্গদৈর্ঘ্য
মহাজাগতিক রশ্মি	< 0.00005 nm
গামা রশ্মি	0.0005 - 0.15 nm
রঞ্জন রশ্মি	0.01 - 10 nm
অতিবেগুনী রশ্মি	< 380 nm
দৃশ্যমান আলো	380 - 700 nm
অবলোহিত রশ্মি	> 700 nm
রেডিও ও টেলিভিশন তরঙ্গ	> 2.2×10^5 nm

$$1 \text{ nm} = 10^{-9} \text{ m} = 10 \text{ Å}$$

Ans : D.

৬০. $\lim_{x \rightarrow 0} \frac{3^x - 3^{-x}}{3^x + 3^{-x}} = ?$

- A. 0 B. 3
C. 9 D. 4


ব্যাখ্যা : $\lim_{x \rightarrow 0} \frac{3^x - 3^{-x}}{3^x + 3^{-x}} = \frac{3^0 - 3^0}{3^0 + 3^0} = 0$

Ans : A.

৬১. কম্পাইলার এর মাধ্যমে যান্ত্রিক ভাষায় রূপান্তরিত প্রোগ্রামকে বলা হয়-

- A. Program code B. Object code
C. Source code D. Octal code

ব্যাখ্যা :



Ans : B.

৬২. ভার্চুয়াল রিয়েলিটি মূলত-
- A. কম্পিউটার প্রযুক্তি ও সিমুলেশন তত্ত্বের উপর প্রতিষ্ঠিত
B. একটি ত্রিমাত্রিক কৃত্রিম পরিবেশ
C. ক ও খ উভয়ই
D. একটি অত্যাধুনিক অপারেটিং সিস্টেম

ব্যাখ্যা : ভার্চুয়াল রিয়েলিটি : ভার্চুয়াল রিয়েলিটি বা VR হচ্ছে- কম্পিউটার নিয়ন্ত্রিত সিস্টেম যাতে মডেলিং ও সিমুলেশন প্রয়োগের মাধ্যমে মানুষ কৃত্রিম ত্রিমাত্রিক ইন্দ্রিয় গ্রাহ্য পরিবেশ উপলব্ধি করতে পারে।

Ans : C.

৬৩. Choose the pair that best expresses similar relationship- 'Fire : Ashes'
- A. Accident : Delay B. Water : Waves
C. Wood : Splinter D. Event : Memories

ব্যাখ্যা : অগ্নিকান্ডের (Fire) এর ফলে ছাই (Ashes) সৃষ্টি হয়। ঘটনা (event) ঘটনার ফলে স্মৃতি (memories) সৃষ্টি হয়।

Ans : D.

৬৪. The synonym of "Bonafide" is-
- A. real B. erect C. sure D. complete

ব্যাখ্যা : Bonafide শব্দটির অর্থ হলো ঠিক, প্রকৃত, বিশ্বস্ত যার synonym হবে real।

Ans : A.

৬৫. রিয়েল টাইম অডিও ও ভিডিও ডেটা আদানপ্রদানে কোনটি বেশি ব্যবহৃত হয়?
- A. আইসোক্রোনাস ট্রান্সমিশন B. অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন
C. সিনক্রোনাস ট্রান্সমিশন D. কোনটিই নয়

ব্যাখ্যা : • অ্যাসিনক্রোনাস : CPU এর সাথে বিভিন্ন Terminal এর ট্রান্সমিশনে ব্যবহৃত হয়।

• সিনক্রোনাস : একই সাথে অনেকগুলো কম্পিউটারে ডেটা স্থানান্তরে ব্যবহৃত হয়।

• আইসোক্রোনাস : রিয়েল টাইম ডেটা ট্রান্সফারে ব্যবহৃত হয়।

Ans : A.

৬৬. ওয়েবপেজের ঠিকানাকে কি বলা হয়?
- A. HTTP B. URL
C. WWW D. FTP

ব্যাখ্যা : • URL : (Uniform Resource Locator) ওয়েব পেজের ঠিকানা কে URL বলে।

• WWW : (World Wide Web) হলো পৃথিবীর বিভিন্ন দেশের সার্ভারে থাকা পরস্পরের সাথে সংযোগযোগ্য Web page.

• HTTP : (Hyper text Transfer Protocol)

• FTP : (File Transfer Protocol)

Ans : B.

৬৭. Choose the correct negative form of the sentence : "This child likes only sweets."
- A. This child do not like any sweet.
B. This child does not like sweet.
C. This child likes nothing sweet.
D. This child likes nothing but sweets.

ব্যাখ্যা : Transformation of sentence এ affirmative থেকে negative করার সময় only থাকলে nothing but আসে।

Affirmative : This child likes only sweets.

Negative : This child likes nothing but sweets.

Ans : D.

৬৮. স্ট্যাটিক ওয়েবসাইটে কেবল কোন ধরনের যোগাযোগ হয়?
- A. দ্বিমুখী B. একমুখী
C. একমুখী ও দ্বিমুখী D. কোনটিই নয়

ব্যাখ্যা : স্ট্যাটিক ওয়েবসাইট : একমুখী যোগাযোগ।
ডাইনামিক ওয়েবসাইট : একমুখী ও দ্বিমুখী যোগাযোগ।

Ans : B.

৬৯. Which of the following words is an antonym of the word "Compel"?
- A. obstruct B. impel C. drive D. compose

ব্যাখ্যা : Compel- বাধ্য করা/প্ররোচিত করা, বাঁধা দেওয়া।
যার antonym হবে- Impel- অনুপ্রানিত করা, উদ্বুদ্ধ করা।

Ans : B.

৭০. Find out the correct passive form of the sentence "He has to do it".
- A. It is to be done by him.
B. It has been done by him.
C. It would be done by him.
D. It has to be done by him.

ব্যাখ্যা : এখানে object it subject হবে has to এখানে modal auxiliary হিসেবে কাজ করছে, এজন্য has to বসে যাবে এবং be আসবে। এর পর মূল verb এর past participle হবে।

Ans : D.

৭১. OMR শীটের নির্দিষ্ট স্থানে বাংলায় ও ইংরেজীতে একটি করে বাক্য লিখ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় (H Unit)

শিক্ষাবর্ষ : 2017-2018 [Set-2]

[বিঃ দ্রঃ প্রশ্নপত্রের নির্ধারিত স্থানে রোল নং লিখা ও ৭১ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। ১-৬০ নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১.৫ এবং ৬১-৭০নং পর্যন্ত প্রতিটি প্রশ্নের মান ১।]

১. $a > b$ এবং $c < 0$ হলে নিচের কোনটি সঠিক?

A. $ac < bc$ B. $\frac{c}{a} < \frac{c}{b}$ C. $\frac{a}{c} < \frac{b}{c}$ D. $ac > bc$

ব্যাখ্যা : $a > b$, $c < 0$

a) $ac < bc$ b) $\frac{a}{c} < \frac{b}{c}$

c) $\frac{c}{a} > \frac{c}{b}$ d) $a + c > b + c$ e) $a - c > b - c$

Ans : A.

২. 32 টি সংখ্যার পরিমিত বিচ্যুতি 5। যদি সংখ্যাগুলোর সমষ্টি 80 হয়, তবে তাদের বর্গের সমষ্টি কত?
- A. 1000 B. 500 C. 100 D. 10,000

ব্যাখ্যা : $n = 32$, $\sigma_x = 5$, $\bar{x} = \frac{80}{32} = 2.5$

$$\text{পরিমিত বিচ্যুতি, } \sigma_x^2 = \frac{\sum_{i=1}^n x_i^2}{n} - \bar{x}^2 \Rightarrow 5^2 = \frac{\sum_{i=1}^{32} x_i^2}{32} - 2.5^2$$

$$\Rightarrow \sum_{i=1}^{32} x_i^2 = 32\{25 + (2.5)^2\} = 1000$$

Ans : A.

৩. একটি আদর্শ ট্রান্সফরমারে মুখ্য ও গৌণ কুন্ডলীর পাকের সংখ্যা যথাক্রমে 200 এবং 100। মুখ্য কুন্ডলীতে 50V (DC) প্রয়োগ করলে গৌণ কুন্ডলীতে কত বিভব পাওয়া যাবে?
A. 200 V B. 100 V C. 25 V D. 0 V

ব্যাখ্যা : তড়িৎ চুম্বকীয় আবেশের ক্ষেত্রে পরিবর্তিত তড়িচ্চালক শক্তি (AC Voltage) দরকার হয়। এখানে মুখ্য কুন্ডলীতে 50V (DC) ভোল্টেজ প্রয়োগ করা হয়েছে। ফলে গৌণ কুন্ডলীতে কোন ভোল্টেজ আবিষ্ট হবে না।

Ans : D.

৪. $\frac{dy}{dx} = 0$ সমীকরণটির সমাধান-

- A. x অক্ষের সমান্তরাল একটি সরলরেখা
B. y অক্ষের সমান্তরাল একটি সরলরেখা
C. একটি বৃত্ত নির্দেশ করে
D. সমাধান নেই

ব্যাখ্যা : $\frac{dy}{dx} = 0 \Rightarrow y = \int 0 dx \Rightarrow y = c$

Ans : A.

৫. $\lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{1 - \sin x}{\left(\frac{\pi}{2} - x\right)^2}$ এর মান = ?

- A. $\frac{1}{4}$ B. 2 C. $\frac{1}{2}$ D. 4

ব্যাখ্যা : $\lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{1 - \sin x}{\left(\frac{\pi}{2} - x\right)^2} = \lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{-\cos x}{-2\left(\frac{\pi}{2} - x\right)}$
 $= \lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{\sin x}{2} = \frac{1}{2}$

Ans : C.

৬. কোন লজিক গেট এর যে কোন একটি ইনপুট '1' হলে আউটপুট '0' হবে?
A. NAND B. OR C. NOR D. কোনটিই নয়

ব্যাখ্যা : NAND

A	B	Y = $\overline{A \cdot B}$
0	0	1
0	1	1
1	0	1
1	1	0

যেকোন একটি ইনপুট '0' হলে আউটপুট '1' হবে।

OR

A	B	Y = A + B
0	0	0
0	1	1
1	0	1
1	1	1

যেকোন একটি ইনপুট '1' হলে আউটপুট '1' হবে।

NOR

A	B	Y = $\overline{A + B}$
0	0	1
0	1	0
1	0	0
1	1	0

যেকোন একটি ইনপুট '0' হলে আউটপুট '1' হবে।

Ans : C.

৭. নিচের কোন সংখ্যাটি 3 দ্বারা বিভাজ্য?

- A. 111111111111 B. 97362
C. 453 D. সবগুলো

ব্যাখ্যা : যে সকল সংখ্যার অংকগুলোর যোগফল 3 দ্বারা বিভাজ্য, সেই সংখ্যাগুলো 3 দ্বারা বিভাজ্য।

Ans : D.

৮. বৃষ্টির একটি বড় ফোঁটা ভেঙ্গে অনেকগুলো ছোট ফোঁটায় পরিণত হলে ফোঁটাগুলির সর্বমোট-

- A. ক্ষেত্রফল হ্রাস পায় B. ক্ষেত্রফল বৃদ্ধি পায়
C. আয়তন হ্রাস পায় D. ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে

ব্যাখ্যা : • বৃষ্টির একটি বড় ফোঁটা ভেঙ্গে অনেকগুলো ছোট ফোঁটায় পরিণত হলে ফোঁটাগুলির সর্বমোট ক্ষেত্রফল বৃদ্ধি পায়।

• N সংখ্যক ফোঁটা একটি বড় ফোঁটায় পরিণত হলে ক্ষেত্রফল হ্রাস পায়।

Ans : B.

৯. $\text{KMnO}_4 + \text{H}_2\text{SO}_3 \rightarrow \text{MnSO}_4 + \text{K}_2\text{SO}_4 + \text{H}_2\text{SO}_4$ এই বিক্রিয়ায় কোন অণুর কোন পরমাণু বিজারক?

- A. KMnO_4 এর Mn B. H_2O এর O
C. H_2SO_3 এর S D. MnSO_4 এর S

ব্যাখ্যা : $\overset{+7}{\text{K}}\overset{+4}{\text{Mn}}\overset{+2}{\text{O}}_4 + \overset{+4}{\text{H}}_2\overset{+6}{\text{S}}\overset{+6}{\text{O}}_3 \rightarrow \overset{+2}{\text{Mn}}\overset{+6}{\text{S}}\overset{+6}{\text{O}}_4 + \overset{+6}{\text{K}}_2\overset{+6}{\text{S}}\overset{+6}{\text{O}}_4 + \overset{+6}{\text{H}}_2\overset{+6}{\text{S}}\overset{+6}{\text{O}}_4$
 H_2SO_3 এর S এর জারণ সংখ্যা +4 হতে বৃদ্ধি পেয়ে +6 হয়েছে তাই এর জারণ হয় অর্থাৎ H_2SO_3 এর সালফার বিজারক।

Ans : C.

১০. 17 টি ব্যঞ্জনবর্ণ ও 5 টি স্বরবর্ণ থেকে 3টি ব্যঞ্জনবর্ণ ও 2 টি স্বরবর্ণ নিয়ে মোট কতগুলি ভিন্ন ভিন্ন শব্দ গঠন করা যাবে?

- A. 816000 B. 6800 C. 16000 D. 6000

ব্যাখ্যা : মোট শব্দ সংখ্যা = ${}^{17}C_3 \times {}^5C_2 \times 5!$
 $= \frac{17 \times 16 \times 15}{3 \times 2 \times 1} \times \frac{5 \times 4}{2 \times 1} \times 120 = 816000$

Ans : A.

১১. 32°K তাপমাত্রায় অক্সিজেন গ্যাসের R.M.S. বেগ কত?

- A. \sqrt{R} B. $\sqrt{6R}$ C. $\sqrt{2R}$ D. $\sqrt{3R}$

ব্যাখ্যা : গ্যাসের R. M. S বেগ = $\sqrt{\frac{3RT}{M}}$

এখানে, T = 32K, M = 32g.

$\therefore C_{rms} = \sqrt{\frac{3R \times 32}{32}} = \sqrt{3R}$

Ans : D.

১২. 0.10 M ইথানয়িক এসিড দ্রবণের pH কত? উক্ত ঘনমাত্রায় এসিডের বিয়োজন মাত্রা 10%।

- A. 1.8239 B. 2.0 C. 2.39 D. 3.0

ব্যাখ্যা : $\text{H}^+ = \alpha C = 0.1 \times 0.1 = 0.01$

$\therefore \text{pH} = -\log(0.01) = 2$

Ans : B.

১৩. একটি কার্নো ইঞ্জিন 800°K ও 400°K তাপমাত্রায় যে দক্ষতায় কাজ করে, ঠিক সমদক্ষতায় কাজ করে T°K এবং 900°K তাপমাত্রায়। তাপমাত্রা T কত?

- A. 2000° K B. 1800° K
C. 1200° K D. 1500° K

ব্যাখ্যা : $\eta = 1 - \frac{T_2}{T_1}$, যেহেতু ইঞ্জিনের দক্ষতা উভয় ক্ষেত্রে সমান


$$1 - \frac{400}{800} = 1 - \frac{900}{T} \Rightarrow \frac{T}{900} = 2 \Rightarrow T = 1800K$$

Ans : B.

১৪. নিচের কোন যৌগটির মেসো-ফরম আছে?

- A. $CH_3 - CH_2 - CH_2 - CH_3$
 B. $CH_3 - CH(OH) - CHCl - CH_3$
 C. $CH_3 - CH(OH) - CH(OH) - CH_3$
 D. $CH_3 - CH_2 - CH(OH) - CH_3$

ব্যাখ্যা : মেসোফরম বলতে বুঝায় যে, কোন যৌগের মধ্যে এমন একটি অপ্রতিসম তল যার মাধ্যমে যৌগটি সমান দুইভাগে বিভক্ত হয় এবং দুই অংশ পরস্পরের দর্পন প্রতিবিম্ব হয়।



Ans : C.

১৫. তিনটি ধারকের শ্রেণীবদ্ধ বিন্যাসের মোট ধারকত্ব $1\mu F$ । দুইটি ধারকের মান যথাক্রমে $2\mu F$ ও $3\mu F$ হলে তৃতীয়টির মান কত?

- A. $3\mu F$ B. $4\mu F$ C. $5\mu F$ D. $6\mu F$

ব্যাখ্যা : $\frac{1}{C_1} + \frac{1}{C_2} + \frac{1}{C_3} = \frac{1}{C_5}$

$$\Rightarrow \frac{1}{2} + \frac{1}{3} + \frac{1}{C_3} = \frac{1}{1} \Rightarrow C_3 = \left(1 - \frac{1}{2} - \frac{1}{3}\right)^{-1} = 6\mu F.$$

Ans : D.

১৬. একটি লেন্সের ক্ষমতা $+4D$ । লেন্সটি থেকে কত দূরে বস্তু রাখলে বস্তুর অর্ধেক আকারের প্রতিবিম্ব সৃষ্টি হবে?

- A. 25 cm B. 50 cm C. 75 cm D. 100 cm

ব্যাখ্যা : বস্তু প্রতিবিম্বের ক্ষেত্রে, $\frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f}$

$$\Rightarrow 1 + \frac{1}{m} = \frac{u}{f} \Rightarrow 1 + \frac{1}{1/2} = \frac{u}{1/4} \Rightarrow 1 + 2 = 4u$$

$$\Rightarrow u = \frac{3}{4} = 0.75 m = 75 cm$$

Ans : C.

১৭. তিনটি বিন্দু যথাক্রমে $P(a_1, b_1, c_1)$, $Q(a_2, b_2, c_2)$ এবং $R(a_3, b_3, c_3)$ দেয়া আছে। PQR এর ক্ষেত্রফল শূন্য হলে বিন্দু তিনটি কোথায় অবস্থিত?

- A. ত্রিভুজের শীর্ষবিন্দুর উপর B. বৃত্তের উপর
 C. উপবৃত্তের উপর D. সরলরেখার উপর

Ans : D.

১৮. ভেদন ক্ষমতার ক্রম অনুসারে α -কণা, β -কণা ও γ -কণা রশ্মির বিকিরণগুলো সাজানো যায়-

- A. α, β, γ B. γ, α, β C. γ, β, α D. α, γ, β

ব্যাখ্যা : ভেদন ক্ষমতার ক্রম : α - কণা < β - কণা < γ - কণা

Ans : C.

১৯. এক কাপ গরম চায়ে একটি ঠান্ডা চামচ ডুবানো হলে কি ঘটে?

- A. চামচের অন্তঃস্থ শক্তি বৃদ্ধি পায়
 B. চামচের অন্তঃস্থ শক্তি একই থাকে
 C. চা এর অন্তঃস্থ শক্তি বৃদ্ধি পায়
 D. চা এর অন্তঃস্থ শক্তি একই থাকে

ব্যাখ্যা : গরম চায়ে ঠান্ডা চামচ ডুবানো হলে কাপ এবং চায়ের মধ্যে তাপের আদান প্রদান ঘটে। চামচ তাপ গ্রহণ করে ফলে তার অন্তঃস্থ শক্তি বৃদ্ধি পায়। চা তাপ হারায়, ফলে তার অন্তঃস্থ শক্তি হ্রাস পায়।

Ans : A.

২০. দুইটি বল যার একটি 10 নিউটন বিশিষ্ট এবং বলদ্বয় 120° কোণে ক্রিয়া করলে লব্ধির মান উল্লেখিত বলটির সমান হয়, অপর বলটির মান কত?

- A. 20 নিউটন B. 0 অথবা 10 নিউটন
 C. 15 নিউটন D. 5 নিউটন

ব্যাখ্যা : $R^2 = P^2 + Q^2 + 2PQ \cos\theta$

$$\Rightarrow 10^2 = 10^2 + Q^2 + 2 \cdot 10 \cdot Q \cdot \left(-\frac{1}{2}\right)$$

$$\Rightarrow Q^2 - 10Q = 0 \Rightarrow Q(Q - 10) = 0 \therefore Q = 0 \text{ অথবা } 10N$$

Ans : B.

২১. PCl_3 অণুর ফসফরাসে কোন সংকর অরবিটাল বিদ্যমান?

- A. dsp^3 B. sp^3
 C. dsp^2 D. d^2sp

ব্যাখ্যা :

সমপোশীয় শ্রেণি	সংকর	সংকরিত অরবিটাল সংখ্যা	% S বৈশিষ্ট্য	বন্ধনকোণ	আকৃতি	উদাহরণ
অ্যালকেন	sp^3	4	25%	109.5°	চতুস্তলকীয়	$CH_4, NH_3, PH_3, PCl_3, H_2O, H_2S, H_2O_2, NH_4^+$
অ্যালকিন	sp^2	3	33.3%	120°	সমতলীয় ত্রিকোণাকার	$BF_3, AlCl_3, SnCl_2, BCl_3, PbCl_2, গ্রাফাইট$
অ্যালকাইন	sp	2	50%	180°	সরলরেখিক	$BeF_2, HgCl_2, BeCl_2$

Ans : B.

২২. $\sqrt{\mu_0 \epsilon_0}$ এর মাত্রা কত?

- A. $[LT^{-1}]$ B. $[L^{-1}T]$ C. $[LT^{-2}]$ D. $[L^2T^{-1}]$

ব্যাখ্যা : $C = \frac{1}{\sqrt{\mu_0 \epsilon_0}} \Rightarrow \sqrt{\mu_0 \epsilon_0} = \frac{1}{c}$;

যার একক : $[ms^{-1}]^{-1}$ বা, $m^{-1}s$ এবং মাত্রা : $[L^{-1}T]$

Ans : B.

২৩. $27^\circ C$ তাপমাত্রায় 0.405 বায়ুমণ্ডল চাপে 200 মি.লি. গ্যাসে অণুর সংখ্যা কত?

- A. 2.0076×10^{21} B. 6.023×10^{23}
 C. 6.022×10^{21} D. 3.331×10^{21}

ব্যাখ্যা : $PV = nRT \Rightarrow PV = \frac{N}{N_A} RT$

$$\Rightarrow N = \frac{PV N_A}{RT} = \frac{0.405 \times 200 \times 10^{-3} \times 6.02 \times 10^{23}}{0.082 \times 300} = 2.0073 \times 10^{21}$$

Ans : A.

২৪. লিপস্টিকে থাকে-




- A. সোডিয়াম ডোডেকাইল সালফেট B. টেট্রাব্রোমোফ্লোরোসিন
C. মার্জারিন D. সোডিয়াম স্টিয়ারেট

ব্যাখ্যা : লিপস্টিক তৈরির ফর্মুলা :




- কারনোবা মোম - ১০ ভাগ
- মোমাছি মোম (মার্জারিন) - ১৫ ভাগ
- ল্যানোলিন - ৫ ভাগ
- ক্যাণ্ডার অয়েল - ৬৫ ভাগ

Ans : C.

